আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

রোববার ঘড়ির কাঁটা ১ ঘন্টা পিছিয়ে নিন

বাংলা পত্রিকা ডেস্ক: আগামী রোববার যুক্তরাষ্ট্রে ঘড়ির কাঁটা ১ ঘন্টা পিছিয়ে যাবে। দিনের আলোকে কাজে



(বাকি অংশ ৪৪ পাতায়)

সাপ্তাহিক
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৫ || সংখ্যা ০৫ || সোমবার || কার্তিক ১১ || ১৪২৭ || রবিউল আঃ ৯ || ১৪৪২ || Vol. 25 || Issue 05 || October 26 || 2020 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

যুক্তরাষ্ট্রে আবারো করোনা সংক্রমণের নতুন রেকর্ড

ফেব্রুয়ারীতে মারা যেতে পারে ৫ লক্ষাধিক মানুষ

বাংলা পত্রিকা ডেস্ক: সব নাগরিক যদি মুখে মাস্ক না পরেন তাহলে আগামী ফেব্রুয়ারী নাগাদ যুক্তরাষ্ট্রে করোনা ভাইরাসে মৃত্যুর সংখ্যা ৫ লাখ ছাড়িয়ে যেতে পারে। শুক্রবার সেখানে এ যাবতকালের মধ্যে সর্বোচ্চ সংখ্যক ৮৪ হাজার ২১৮ জন করোনায় আক্রান্ত হওয়ার দিনে এমন সতর্কতা দিয়েছে ইউনিভার্সিটি অব ওয়াশিংটনের ইনস্টিটিউট ফর হেলথ মেট্রিক্স এন্ড ইভ্যালুয়েশন (আইএইচএমই)। ঠান্ড আবহাওয়ায় করোনা ভাইরাসের বিস্তার ঘটে। বিশেষ করে যুক্তরাষ্ট্রে এখন শীতকাল সমাগত। এ সময়ে মানুষ বেশি করে ঘরের ভিতরে অবস্থান করে। ঘরের ভিতর বাতাস আসা-যাওয়া বন্ধই থাকে বলা যায়। এ অবস্থায় সেখানে করোনা ভাইরাসের বিস্তার দ্রুততর হতে পারে। এ খবর দিয়ে অনলাইন আল জাজিরা বলছে, আইএইচএমই-এর পরিচালক ক্রিস মারে বলেছেন, তারা এক গবেষণায় দেখতে পেয়েছেন সবাই মাস্ক না পরলে ফেব্রুয়ারী নাগাদ যুক্তরাষ্ট্রে ৫ লক্ষাধিক মানুষ মারা যেতে পারেন। তার ভাষায়, শীতের সময়ে আমরা এক ভয়াবহ অবস্থার দিকে ধাবিত হচ্ছি। যুক্তরাষ্ট্রের ন্যাশনাল ইনস্টিটিউট অব এলার্জি এন্ড ইনফেকশাস ডিজিজেসের পরিচালক ডা. অ্যান্থনি ফাউসি এর আগে যে সুপারিশ করেছেন, তাই-ই যেন প্রতিধ্বনি করেছে আইএইচএমই। তারা বলেছে, যদি শতকরা ৯৫ ভাগ আমেরিকান মুখে মাস্ক পরতেন তাহলে এক লাখ ৩০ হাজার মানুষের মৃত্যু কম হতো। উল্লেখ্য, যুক্তরাষ্ট্রে এ (বাকি অংশ ৪২ পাতায়)



চিরনিদ্রায় শায়িত ব্যারিস্টার রফিক-উল হক

ঢাকা ডেস্ক: খ্যাতিমান আইনজীবী ও সাবেক অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টার রফিক-উল হক আর নেই। শনিবার (বাকি অংশ ৪২ পাতায়

যুক্তরাষ্ট্রে ১৫ বিদেশি শিক্ষার্থী গ্রেফতার

বাংলা পত্রিকা ডেস্ক: শিক্ষার্থী ভিসার শর্ত ভেঙে অন্যত্র কমরত থাকায় এক (বাকি অংশ ৪২ পাতায়)

বিশ্বকে কীভাবে বদলে দিয়েছেন ট্রাম্প?

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট শুধু সেই দেশের প্রেসিডেন্ট নন, সম্ভবত তিনি বিশ্বের সবচেয়ে ক্ষমতাবান মানুষ। তিনি যাই করেন সেগুলো সবার জীবনে প্রভাব পড়ে। ডোনাল্ড ট্রাম্প এক্ষেত্রে ব্যতিক্রম নন। তা হলে কিভাবে ট্রাম্প বিশ্বকে বদলে দিচ্ছেন? বিবিসি এ নিয়ে বিশেষ প্রতিবেদন প্রকাশ করেছে। ট্রাম্প বারবার ঘোষণা দিয়েছেন, বিশ্বে যুক্তরাষ্ট্র হলো সবচেয়ে প্রভাবশালী রাষ্ট্র। আসলে কি তাই? ১৩টি দেশের ওপর সম্প্রতি পিউ রিসার্চের এক জরিপে দেখা গেছে- বিদেশে



যুক্তরাষ্ট্রের ভাবমূর্তির জন্য ট্রাম্প বেশি কাজ করেননি। বরং নেতিবাচক প্রভাব পড়েছে। ইউরোপের দেশগুলোয় জনসাধারণের মধ্যে গত ২০ বছরে আমেরিকার প্রভাব সবচেয়ে নিচু স্তরে রয়েছে। যুক্তরাজ্যে আমেরিকার ব্যাপারে ইতিবাচক দৃষ্টিভঙ্গির এই হার ৪১ শতাংশ, ফ্রান্সে ৩১ শতাংশ; যা ২০০৩ সালের পর সর্বনিম্ন এবং জার্মানিতে মাত্র ২৬ শতাংশ। এ ছাড়া জরিপে দেখা গেছে, অন্যান্য নেতার তুলনায় ট্রাম্পের প্রতি লোকজনের আস্থাও কম। আমেরিকান জনগণের মধ্যে ট্রাম্পের গ্রহণযোগ্যতার ক্ষেত্রে করোনা ভাইরাস (বাকি অংশ ৪২ পাতায়)

অর্থনীতিতে অবদানের জন্য প্রবাসী স্বীকৃতির আহ্বান

বাংলা পত্রিকা ডেস্ক: বিশ্বব্যাংক ও আইএমএফের বার্ষিক সভার অংশ হিসেবে অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল আইএমফের দক্ষিণ এশীয় আঞ্চলিক ভাইস প্রেসিডেন্ট হার্ট উয়িং শেফার; আফগানিস্তানের ভারপ্রাপ্ত অর্থমন্ত্রী আবদুল হাদী আরগান্দি ওয়াল, ভুটানের অর্থমন্ত্রী লায়নপো (বাকি অংশ ৪২ পাতায়)

বাইডেনকে প্রভাবশালী গণমাধ্যমের সমর্থন

বাংলা পত্রিকা ডেস্ক: আগামী ৩ নভেম্বর অনুষ্ঠিত হতে যাচ্ছে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন। এ নিয়ে প্রিন্ট, ইলেকট্রনিকসহ প্রায় সব সামাজিক মাধ্যম জমে উঠেছে প্রচার-প্রচারণায়। বাড়ির উঠোন আর সড়কের আইল্যান্ডে 'কিপ আমেরিকা গ্রেট- ট্রাম্প-পেন্স', 'মেইক আমেরিকা কেয়ার এগেইন-বাইডেন-হ্যারিস'সহ বিভিন্ন স্লোগান-সাইন শোভা পাচ্ছে। রিপাবলিকান প্রার্থী ও প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং ডেমোক্রেটিক দলের প্রার্থী সাবেক ভাইস-প্রেসিডেন্ট জো বাইডেন অ্যারিজোনা, ফ্লোরিডা, আইওয়া, মিশিগান, মেনিসোটা, নেভাদা, নিউ হাম্পশেয়ার, ওহায়ো, জর্জিয়া, নর্থ ক্যারোলাইনা, উইসকনসিস, পেনসেলভিনিয়া আর টেক্সাসের মত (বাকি অংশ ৪২ পাতায়)



ঢাকায় যুক্তরাষ্ট্রের তৎপরতা নিয়ে চীনের সন্দেহ

বাংলা পত্রিকা ডেস্ক: বাংলাদেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের ক্রমবর্ধমান যোগাযোগে সন্দেহ পোষণ করছে চীন। ঢাকায় চীনের রাষ্ট্রদূত লি জিমিং সুস্পষ্ট অভিযোগ করেছেন, যুক্তরাষ্ট্র তার চীনবিরোধী প্রচারণায় (বাকি অংশ ৪৪ পাতায়)

'আমি এমন একজনের ভোট পেয়েছি, যার নাম ডোনাল্ড ট্রাম্প'

বাংলা পত্রিকা ডেস্ক: আগামী ৩ নভেম্বর যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনের ভোট গ্রহণের দিন। তবে এবার রেকর্ডসংখ্যক আমেরিকান নাগরিক এবার আগাম ভোট দিচ্ছেন। এবার সেই কাতারেই যোগ দিয়েছেন প্রেসিডেন্ট ট্রাম্প। নির্বাচনে আগাম ভোট প্রয়োগের পর তিনি (বাকি অংশ ৩৯ পাতায়)

www.banglapatrikausa.com

CENTURY 21 AMERICAN HOMES
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-446-1300
F: 718-452-2152
khanf04@yahoo.com
c21amhomes.com
Ferdous Khan
Real Estate Licensed Sales Assoricate
76-26 Broadway, Elmhurst, NY 11373

APOLLO BROKERAGE INC
TLC INSURANCE
ব্ল্যাক কার, কার সার্ভিস, গ্রীন ট্যাক্সি ও প্রাইভেট কার, বাড়ী ও বিজনেস অতি বিশ্বস্ততার সাথে ও সহজ কিস্তিতে ইন্স্যুরেন্স করা হয়।
মানি ট্রান্সফার
ডিভিসি
মানি অর্ডার
ওয়েস্টার্ন ইউনিয়ন
নোটারী পাবলিক
Shamsher Ali
President & CEO
29-10 36th Avenue, Astoria, NY 11106
Tel : 718-472-9800, Fax :718-472-9801
E-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

CORE CREDIT REPAIR SERVICES
www.cmscreditsolutions.com
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন ?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না ? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন।
Late Payments
Tax Liens
Charge Offs
Garnishment
Inquiries
Collections
Call us: 646-775-7008
Mohammed A Kashem
Credit Consultant
37-53, 72nd Street, Suite # 1
Jackson Heights, NY 11372
Email: info@cmscreditsolutions.com

আপনি কি সপ্তাহে ২,০০০ ডলার আয় করতে চান?
লারনার পারমিট, রোড টেস্ট এবং টিএলসি পরীক্ষা দিয়ে বার বার ব্যর্থ হয়েছেন?
তাহলে আজই যোগাযোগ করুন
6 WEEKS DDS
5 WEEKS CLASS
R & R Driving School
471 McDonald Avenue (Basment), Brooklyn, 347-836-1279
(মহিলাদের জন্য মহিলা প্রশিক্ষক দ্বারা ড্রাইভিং শিখানোর ব্যবস্থা আছে)

SUNNATI HAJJ & UMRAH GROUP
IATA
Haji trusted since 2000
All Air Tickets Visa Services
Peace Tour
Tel: 718-739-3189
Cell: 347-527-6276, 347-750-3909
87-26, 175 Street, Apt. #1A, Jamaica, NY 11432
Email: sunnatihajj@gmail.com
Web: www.hajjmakkah.com

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
Digital One Travel
JACKSON HEIGHTS NEW YORK
IATA
ARC
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37th Road, Jackson Heights, NY 11372
Email: digitalonetravel@gmail.com (কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজা)
Phone: 917-396-4140, 917-592-7828
সুপার সেভ $৬৪৯+
আমেরিকার যে কোন ষ্টেট থেকে বাংলাদেশে যাওয়ার জন্য ইন্টারনেটের চাইতে কম দামের গ্যারান্টি দিচ্ছি
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

স্বল্পমূল্যে Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
(নিচারিত সেকুন ৯ পাতায়)
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372
KABIR CHOWDHURRY

BANGLA HOME CARE
BANGLA CDPAP SERVICES

LOVE WITH CARE IS HUMANITY"

বাঙালীর জন্যে বাঙালীর সেবা, মানুষ মানুষের জন্যে



Corporate Office
72-26 BROADWAY (2ND FL.)
JACKSON HEIGHTS, NY 11372

WE ARE HIRING HHA
HHA CERTIFICATE CLASS AVAILABLE

HHA সার্টিফিকেট এর মাধ্যমে আপনি ঘরে-বাইরে
যে কোন রোগীকে স্বাস্থ্য-সেবা দিতে পারেন।

- Highest Rate • Home Care Services
- CDPAP Services • MLTC Related Supports
- Medicaid Apply, Renewal & Code Removal



BROOKLYN OFFICE : 518 McDONALD AVENUE, BROOKLYN, NY 11218

FOR MORE INFO

718-708-9751 | 646-769-0966 | 718-415-3924 | 718-629-7169
718-414-7210 | 718-500-2388

E-MAIL: BANGLACDPAP.CLIENTS@GMAIL.COM

বাংলা পত্রিকা

৩-এর পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

The Weekly Bangla Patrika // Monday //October 26 // 2020

অভিযোগ রাষ্ট্রদ্রোহীতার অভিযোগে সাংবাদিক নেতা রুহুল আমীন গাজী গ্রেফতার



বাংলা পত্রিকা ডেস্ক: বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের (একাংশ) সভাপতি ও দৈনিক সংগ্রামের চিফ রিপোর্টার রুহুল আমীন গাজীকে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন আদালত। পুলিশ বুধবার (২২ অক্টোবর) অফিস থেকে তাকে গ্রেফতার করে বৃহস্পতিবার আদালতে হাজির করে। আদালতে আসামিপক্ষে অসুস্থতার কারণ দেখিয়ে জামিন আবেদন করা হয়। অপরদিকে রাষ্ট্রপক্ষে বিশেষ পাবলিক প্রসিকিউটর আজাদ রহমান আসামির

বাংলাদেশ সফর বিষয়ে বিগানের ভার্চুয়াল ব্রিফিং

গণতান্ত্রিক মূল্যবোধ, বাক স্বাধীনতা, মানবাধিকারের সুরক্ষা ও সুশাসনকে উৎসাহিত করে যুক্তরাষ্ট্র

বাংলা পত্রিকা ডেস্ক: সদ্য ঢাকা সফর করে যাওয়া আমেরিকান উপ-পররাষ্ট্রমন্ত্রী স্টিফেন ই বিগান বলেছেন, বাংলাদেশের সঙ্গে বিদ্যমান সহযোগিতামূলক সম্পর্ক আরও জোরদার করতে চায় যুক্তরাষ্ট্র। বাংলাদেশের সরকার এবং জনগণের পাশে যুক্তরাষ্ট্র সব সময় আছে জানিয়ে স্টেট ডিপার্টমেন্টের দ্বিতীয় সর্বোচ্চ পদধারী বিগান বলেন, ঢাকা সফরের মধ্য দিয়ে তিনি বাংলাদেশ প্রশ্নে যুক্তরাষ্ট্রের পলিসি বা নীতির বিষয়টি স্পষ্ট করার চেষ্টা করেছেন। তার সফর আমেরিকান নীতির প্রতিফলন বলেও মন্তব্য করেন তিনি। যুক্তরাষ্ট্রে বসবাসকারী এক বাংলাদেশী সাংবাদিকের প্রশ্নের জবাবে স্টিফেন বলেন, বিশ্বজুড়ে গণতান্ত্রিক মূল্যবোধ, বাক স্বাধীনতা, মানবাধিকারেরর সুরক্ষা এবং সুশাসনকে উৎসাহিত করে যুক্তরাষ্ট্র। বাংলাদেশের ক্ষেত্রেও ওয়াশিংটন প্রায় অভিন্ন নীতি অনুসরণ করে জানিয়ে তিনি বলেন, যুক্তরাষ্ট্র মনে করে প্রত্যেক দেশের জনগণ তাদের শাসন ক্ষমতার পরিবর্তন এবং উন্নয়ন নির্ধারণের জন্য যথেষ্ট এবং এটাই হওয়া উচিত। এ ক্ষেত্রেও বাংলাদেশ প্রশ্নে যুক্তরাষ্ট্র অভিন্ন দৃষ্টিভঙ্গী পোষণ করে।



মঙ্গলবার (২০ অক্টোবর) দিনের শুরুতে (ওয়াশিংটনের স্থানীয় সময়) বাংলাদেশ ও ভারতের সাংবাদিকদের সঙ্গে ভার্চুয়াল প্রেস ব্রিফিংয়ে আমেরিকান উপমন্ত্রী তার সদ্য অনুষ্ঠিত ঢাকা ও নয়াদিল্লি (যুক্ত) সফরের নানা প্রেক্ষিত ও আউটকাম নিয়ে কথা বলেন। যুক্তরাষ্ট্রের ষ্টেট ডিপার্টমেন্ট এই ব্রিফিং-এর আয়োজন করে।

রোহিঙ্গা সংকট প্রসঙ্গ: ওয়াশিংটন থেকে সঞ্চালিত সংবাদ ব্রিফিংয়ে উপমন্ত্রী বিগান রোহিঙ্গা সংকট সমাধানে তার দেশের অবস্থান ব্যাখ্যা করা ছাড়াও চীনসহ এ অঞ্চলের অন্যদের কার্যকর ভূমিকা প্রত্যাশা করেন।

বাংলাদেশী সাংবাদিক মুশফিকুল ফজল আনসারীর এক প্রশ্নের উত্তরে উপ-পররাষ্ট্রমন্ত্রী স্টিফেন ই বিগান বলেন, পুঞ্জিভূত রোহিঙ্গা সংকটের দ্রুত ও স্থায়ী সমাধান জরুরি। আঞ্চলিক নিরাপত্তা ও স্থিতিশীলতার দিক বিবেচনায় যুক্তরাষ্ট্র এর টেকসই সমাধান চায়। সংকট সমাধানে চীনের আরও ভাল ভূমিকা রাখার সুযোগ আছে বলেও মন্তব্য করেন তিনি। উপমন্ত্রী বলেন, রোহিঙ্গাদের আশ্রয় দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা অত্যন্ত উদার এবং মানবিক দৃষ্টিভঙ্গীর পরিচয় দিয়েছেন, যেটা বাংলাদেশের জনগণেরই মনোভাবের প্রতিফলন। এই সংকট সূচনা থেকে যুক্তরাষ্ট্র বাংলাদেশের পাশে আছে জানিয়ে তিনি বলেন, সংকট প্রলম্বিত হলে তা আঞ্চলিক স্থিতিশীলতার হুমকি হতে পারে, আলামত সে দিকেই ইঙ্গিত করছে। সেই বিবেচনায় সংকটটির দ্রুত ও স্থায়ী সমাধানে যুক্তরাষ্ট্র গুরুত্ব দিচ্ছে জানিয়ে তিনি বলেন, ওয়াশিংটন মনে করে সমাধানের জন্য মিয়ানমার সরকারকে এ বিষয়ে ইতিবাচক মনোভাব নিয়ে এগিয়ে আসতে হবে।

ঢাকা সফর বিষয়ে যা বললেন: আমেরিকান উপ-পররাষ্ট্র মন্ত্রী স্টিফেন বিগান বলেন, গত ১৪ থেকে ১৬ অক্টোবর বাংলাদেশে তার প্রথম সফর হয়েছে। কিন্তু এটি তার জীবনে সংঘঠিত সফরগুলোর মধ্যে স্মৃতিময় হয়ে থাকবে। ঢাকা সফরকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ এবং পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেনের সঙ্গে বৈঠকের কথা বিশেষভাবে উল্লেখ করে তিনি বলেন, এই আলোচনার মধ্য দিয়ে বাংলাদেশ সম্পর্কে তার পূর্বের যে ধারণা ছিল তাতে মৌলিক এবং ইতিবাচক পরিবর্তন এসেছে। বাংলাদেশ সম্পর্কে তার আরও বেশি জানার এবং বুঝার সুযোগ হয়েছে। বাংলাদেশের অর্থনৈতিক অগ্রগতির যে চিত্র তিনি সরজমিনে দেখেছেন তাকে 'অত্যন্ত আশাব্যঞ্জক' আখ্যা দিয়ে মন্ত্রী বলেন, বাংলাদেশের এই এগিয়ে যাওয়ার পথে যুক্তরাষ্ট্র কিভাবে আরও বেশি সহযোগী হতে পারে তা নিয়ে আলোচনা হয়েছে। অর্থনৈতিক ও বাণিজ্যিক বিষয়ের পাশাপাশি বিজ্ঞান, তথ্যপ্রযুক্তি, নিরাপত্তা ও যোগাযোগ বৃদ্ধিতে সহযোগিতার বিষয়ে তার সফরে বিস্তৃত আলোচনা হয়েছে বলেও জানান ট্রাম্প প্রশাসনের গুরুত্বপূর্ণ ওই কর্মকর্তা।

মাস্কের ব্যবহার ১লাখ আমেরিকানকে মৃত্যু থেকে বাঁচাবে



বাংলা পত্রিকা রিপোর্ট: শুক্রবার আমেরিকায় ৭৭ হাজার নতুনভাবে করোনায় আক্রান্ড় হয়েছেন এবং হাজার থেকে ১,১০০জন মারা যাচ্ছেন। আর প্রতি ২৪ ঘন্টায় হাসপাতালে ভর্তি হচ্ছেন ৬০ হাজার করোনা ভাইরাস রোগী। ওয়াশিংটন বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব হেলথ মেট্রিকস অ্যান্ড ইভালুয়েশনের পরিচালক এবং কোভিড-১৯ এর প্রভাবশালী মডলার ড. ক্রিস মুরে ২৫ অক্টোবর বলেন, আগামী ৩ মাসে করোনা মহামারিতে আমেরিকায় কমপক্ষে ১ হাজার ৪০ হাজার লোক প্রাণ হারাবেন। তার বর্ণনানুসারে, ২৮ ফেব্রুয়ারি পর্যন্ড় করোনা মহামারিতে আমেরিকায় মৃতের সংখ্যা দাঁড়াবে ৫ লাখ ১১ হাজার ৩৭৩। আর হোয়াইট হাউজ করোনা ভাইরাস টাস্ক ফোর্স সমন্বয়ক ড. ডেবোরাহ বাইরক্স বলেছেন, ঘরের অভ্যন্ড়রিণ ছোট-খাট সমাবেশের কারণেই আমেরিকাতে অতি দ্রুত করোনার সংক্রমণ বাড়ছে। ড. মুরে অবশ্য বলেন, আমেরিকানরা স্বাস্থ্যবিধি মেনে চললে বিশেষত ৯৫% আমেরিকান মাস্ক ব্যবহার করলে কমপক্ষে ১ লাখ আমেরিকান অবশ্যম্ভাবী মৃত্যুর হাত থেকে রক্ষা পাবেন। তাই নির্ঘাত মৃত্যু এড়াতে মাস্ক ব্যবহারের বিকল্প নেই বলে দাবি করেছেন ড. মুরে।

চীনের ব্যাংকে ট্রাম্পের অ্যাকাউন্ট



বাংলা পত্রিকা ডেস্ক: চীনের একটি ব্যাংকে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অ্যাকাউন্ট রয়েছে।ট্রাম্পের ব্যক্তিগত এবং প্রাতিষ্ঠানিক করপ্রদানের কাগজপত্র হাতে আসার পরই 'দ্যা নিউইয়র্ক টাইমস' খবরটি প্রকাশ করে। প্রকাশিত খবর অনুযায়ী,ট্রাম্প সেই ব্যাংক অ্যাকাউন্ট থাকার কথা স্বীকারও করেছেন। 'ট্রাম্প ইন্টারন্যাশনাল হোটেলস ম্যানেজমেন্ট' নামের প্রতিষ্ঠানটি ওই ব্যাংক অ্যাকাউন্টটি নিয়ন্ত্রণ করে।ট্রাম্পের এক মুখপাত্রের মতে, এশিয়ায় হোটেল ব্যবসার সম্ভাবনা যাচাই করার উদ্দেশ্যেই অ্যাকাউন্টটি মূলত খোলা হয়েছিল। যুক্তরাষ্ট্রের যেসব প্রতিষ্ঠানের চীনের সঙ্গে ব্যবসায়িক সম্পর্ক রয়েছে, সেসব প্রতিষ্ঠানের সমালোচনা করার পাশাপাশি দু'দেশের মধ্যে বাণিজ্যযুদ্ধের মতো পরিস্থিতিও তৈরি করেছিলেন ট্রাম্প। প্রতিদ্বন্দ্বী প্রেসিডেন্ট প্রার্থী জো বাইডেনের চীন-নীতির সমালোচনাও করেছিলেন তিনি। সূত্র: দ্যা নিউইয়র্ক টাইমস।

করোনা আতঙ্কে কাজ ছাড়ছেন ২৫% শ্রমিক-কর্মচারি

বাংলা পত্রিকা রিপোর্ট: করোনার দ্বিতীয় দফা সংক্রমণের পর গত ২৪ ঘন্টায় আমেরিকায় নতুন করে ৭০ হাজার আক্রান্ড় এবং ১,১০০ জন মারা গেছেন। এমনতর বাস্ড়বতায় ফুল-টাইম বা পার্ট-টাইম (পূর্ণকালীন কিংবা খন্ডকালীন) কমব্রত ২৫% শ্রমিক-কর্মচারিই করোনা সংক্রমণের হাত থেকে আত্মরক্ষা এবং পরিবারের সদস্যদের রক্ষাকল্পে নতুনভাবে কাজ ছাড়ছেন বলে ২৪ অক্টোবর জানা গেছে।



মূলত সর্বনাশা করোনার প্রথম দফা আঘাতে আমেরিকার কোটি কোটি শ্রমিক বেকার হয়ে পড়েছেন। আর নতুন করোনা সংক্রমণের ভয়, পরিবারের সদস্য বিশেষত শিশুদের নিরাপত্তার প্রশ্নে ২৫% শ্রমিক-কর্মচারি নতুনভাবে চাকরি ছাড়ছেন। সফট ওয়ার কোম্পানী এসএপির সহযোগিতায় এসোসিয়েটেড প্রেস-নর্ক সেন্টার ফর পাবলিক অ্যাফেয়ার্স রিসার্চ ১ হাজার ১৫ জন ফুল টাইম অ্যান্ড পার্টটাইম কর্মচারির উপর জরিপ চালিয়ে উক্ত তথ্য প্রদান করেছে। জরিপ পরিচালনাকারী সংস্থার সিনিয়র ফেলো মার্জরি কনলী বলেন, বাইরে কমব্রতদের ৭০% ধারণা করেন যে বাইরে যাতায়াতের ফলে তাদের করোনা সংক্রমণের পর্যাপ্ত আশঙ্কা রয়েছে। ২৮% উত্তরদাতা বলেন, তারা ইতোমধ্যে কাজের ঘন্টা কমিয়ে দিয়েছেন এবং ২০% বলেন যে তারা বিনা বেতনে ছুটির জন্য আবেদন করেছেন। আর শ্রমিক-কর্মচারিদের ৫৭% জানান যে করোনার নতুন সংক্রমণ প্রতিহতে তাদের নিয়োগকর্তা যথেষ্ট সাবধানতা অবলম্বন করেছেন। ২৪% শ্রমিক-কর্মচারিদের নিয়োগকর্তাদের গৃহিত পদক্ষেপে সন্ড়োষ প্রকাশ করেছেন এবং ১৮% পুরোপুরি অসন্ড়োষ প্রকাশ করেছেন। আর কর্ম ছাড়তে আগ্রহীদের ৫০% মহিলা, ৩৬% পুরুষ। আর কৃষ্ণকায় কর্মচারিদের ৬২%, হিস্পানিকদের ৪৭% এবং শ্বেতাঙ্গদের ৩৯% করোনা মহামারিকে তাদের জীবনে ভয়াবহ চাপ হিসেবে অভিহিত করেছেন। প্রতিবেদন অনুসারে স্কুল এবং ডে কেয়ার সেন্টার বন্ধ থাকার কারণে হিস্পানিক এবং কৃষ্ণকায় মহিলাদের সন্ড়ানদের সঙ্গ দেয়ার জন্য বাড়তি হারে কর্মস্থল ত্যাগ করছেন। উলেখ্য, আমেরিকার মোট জনসংখ্যার ১২.৫% কৃষ্ণকায় এবং ১৫.৬% হিস্পানিক। অথচ প্রথম দফা করোনায় মোট মৃতদের ১৮% ছিল কৃষ্ণকায় এবং ২৪% ছিল হিস্পানিক।

বর্তমানের শ্বাসরুদ্ধকর পরিস্থিতিতে অসুস্থতাজনিত ছুটির মেয়াদ বাড়ানো, স্বাস্থ্যকর্মী ও সেবাদাতাদের কাজে ফেক্সিবিলিটির পরামর্শ দিয়েছেন।



বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

রফিক-উল হক'র চির বিদায়
তার শূন্যতা পূরণ হওয়ার নয়

চলে গেলেন বাংলাদেশের বিশিষ্ট আইনজ্ঞ, সমাজ সেবক, মানবহিতৈষী ও সাবেক অ্যাটর্নি জেনারেল রফিক-উল হক। গত শনিবার (২৪ অক্টোবর) সকাল সাড়ে ৮টার দিকে রাজধানী ঢাকার আদ-দ্বীন হাসপাতালে তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন। তার বয়স হয়েছিল ৮৫ বছর। ব্যারিষ্টার রফিক-উল হকের জন্ম ১৯৩৫ সালে কলকাতার সুবর্ণপুর গ্রামে। বাবা মুমিন-উল হক পেশায় ছিলেন চিকিৎসক। মা নূরজাহান বেগম। তার বাল্যকাল কেটেছে কলকাতায়। পড়াশোনা করেছেন চেতলা স্কুলে। তিনি ম্যাট্রিকুলেশন পাস করেন ১৯৫১ সালে। ১৯৫৫ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক এবং ১৯৫৭ সালে দর্শন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি নেওয়ার পর ১৯৫৮ সালে এলএলবি করেন। এরপর কলকাতা হাইকোর্টে আইন পেশা শুরু করেন তিনি। ১৯৬২ সালে যুক্তরাজ্য থেকে ব্যারিস্টারি পাস করে তৎকালীন পাকিস্তানের নাগরিক হয়ে চলে আসেন ঢাকায়। ১৯৬৫ সালে হাইকোর্টের আইনজীবী তালিকাভুক্ত হওয়ার পর ১৯৭৩ সালে আপিল বিভাগে জ্যেষ্ঠ আইনজীবী হিসেবে তালিকাভুক্ত হন তিনি। ১৯৯০ সালে অ্যাটর্নি জেনারেল করা হয়েছিল তাকে। তখনই তিনি পদাধিকারবলে বার কাউন্সিলের চেয়ারম্যান হন। এ সময় তিনি জাতিসংঘের সাধারণ অধিবেশনেও প্রতিনিধিত্ব করেন।

উল্লেখ্য, সেনা নিয়ন্ত্রিত তত্ত্বাবধায়ক সরকার আমলে বর্তমান প্রধানমন্ত্রী আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা এবং বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াসহ অনেক রাজনীতিবিদের পক্ষে সুপ্রিম কোর্টে আইনি লড়াই করে আলোচনায় ছিলেন তিনি। দলমতনির্বিশেষে সবার আইনি সেবা দিয়েছেন তিনি। তিনি সরাসরি কোনো রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত ছিলেন না। তিনি সাদাকে সাদা আর কালোকে কালো বলতেন। সত্য উচ্চারণের ক্ষেত্রে তিনি সবমসয় ছিলেন উচ্চকণ্ঠ। দীর্ঘ ৬০ বছরেরও বেশি সময়ে তিনি সুপ্রিম কোর্টে আইনজীবী হিসেবে কর্মরত ছিলেন- যা সত্যিই বিরল।

ব্যারিষ্টার রফিক-উল হক বিভিন্ন সময় ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে পরীক্ষকের দায়িত্ব পালন করেছেন। সমাজ ও মানবতার সেবায় তিনি ছিলেন সবসময়ই উদারহস্ত। যেখানেই সুযোগ পেয়েছেন হাত বাড়িয়ে দিয়েছেন সমাজ-মানবতার সেবায়। যার কারণে আইনপেশার পাশাপাশি তিনি গড়ে তুলেছিলেন ভিন্ন এক মানবিক জগৎ, যা অনুকরণীয়। ১৯৯৫ সালে রফিক-উল হক প্রতিষ্ঠা করেছিলেন সুবর্ণ ক্লিনিক। ঢাকা শিশু হাস-পাতাল প্রতিষ্ঠায়ও ভূমিকা ছিল তার। আদ-দ্বীন মেডিকেল কলেজ হাসপাতালসহ ২৫টিরও বেশি সেবামূলক প্রতিষ্ঠানের সঙ্গে তিনি সরাসরি জড়িত ছিলেন। নিঃস্বার্থভাবে তিনি নানা সামাজিক কর্মকান্ডেও নিজেকে যুক্ত রেখেছিলেন। মসজিদ, মাদ্রাসা ও হাস-পাতাল যেখানেই সুযোগ পেয়েছেন হাত বাড়িয়ে দিয়েছেন সমাজ-মানবতার সেবায়, মানবকল্যাণে। যার কারণে তিনি ব্যক্তি থেকে ধীরে ধীরে প্রতিষ্ঠানে পরিণত হয়েছিলেন। দেশে আইনের শাসন এবং সুশাসন প্রতিষ্ঠায় তার অবদান অনস্বীকার্য। জাতি শ্রদ্ধার সঙ্গে তাকে স্মরণ করবে। তিনি জীবনের পথ-পরিক্রমায় সবসময় বহন করেছেন দেশ ও মানুষের জন্য ভালোবাসা। সম্পৃক্ত হয়েছেন বহুবিদ কল্যাণমূলক জাগরণী কর্মকান্ডে। তিনি আজ দূর আকাশে মিলিয়ে গেছেন। রেখে গেছেন তার অনন্য কীর্তি, আদর্শ, সত্য ও ন্যায়নিষ্ঠতা। যা পরবর্তী প্রজন্মকে পথ দেখাবে। তিনি তার জীবন ও কর্মের মধ্য দিয়ে যে অবদান রেখে গেছেন তা স্মরণীয় ও অক্ষয় হয়ে থাকবে। এই গুণী ত্যাগী ও আলোকিত মানুষটির বিদেহী আত্মার শান্তি কামনা করছি এবং শোকসন্তপ্ত পরিবারকে জানাই গভীর সমবেদনা।

জাতিসংঘের সংস্কার প্রয়োজন

মোহাম্মদ সালাউদ্দিন

জাতিসংঘের জন্ম ও বিকাশ ছিল গত শতাব্দীর উল্লেখযোগ্য একটি ঘটনা। প্রতিষ্ঠানটি বিভিন্ন কারণে বারবার আলোচনায় এসেছে। বিশ্বশান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে জাতিসংঘের জন্ম হলেও বিশ্বশান্তি প্রতিষ্ঠায় সংস্থাটি কতটুকু সফল হয়েছে, তা এক বড় প্রশ্ন। বিভিন্ন কারণে মনে করা হচ্ছে, একুশ শতকে জাতিসংঘের একটি বড় ভূমিকা থাকবে। তবে জাতিসংঘের ভূমিকা বুঝতে হলে ১৯৪৫ সাল-পরবর্তী বিশ্বরাজনীতি বুঝতে হবে।

১৯৪৫ সালের ২৪ অক্টোবর যুক্তরাষ্ট্রের সানফ্রান্সিসকো শহরে মাত্র ৫০টি সদস্যরাষ্ট্র নিয়ে যাত্রা শুরু হয়েছিল জাতিসংঘের। আজ এর সদস্য সংখ্যা ১৯৩। প্রতিষ্ঠানটি তার জন্মের ৭৫ বছর পার করছে এ বছর। জাতিসংঘের সিদ্ধান্ত গ্রহণে পশ্চিমা শক্তি, বিশেষ করে যুক্তরাষ্ট্রের একক কর্তৃত্ব করার প্রবণতা রোধ করার ব্যর্থতা একুশ শতকে জাতিসংঘের ভূমিকাকে প্রশ্নের মুখে ফেলেছে। বলতে দ্বিধা নেই, উন্নত বিশ্ব, বিশেষ করে যুক্তরাষ্ট্রসহ ক্ষমতাধর পাঁচটি দেশ তাদের নিজেদের স্বার্থেই জাতিসংঘকে টিকিয়ে রেখেছে।

জাতিসংঘ যে উন্নয়নশীল ও স্বল্পোন্নত বিশ্বের স্বার্থ রক্ষা করতে পারছে না, এ অভিযোগ অনেক পুরনো। তবে বিশ্বসংস্থার সাফল্য যে একেবারে নেই, তা বলা যাবে না, যদিও ব্যর্থতার পাল্লাই ভারি। সম্প্রতি হাজার হাজার সিরিয়া ও ইরাকি শরণার্থী ইউরোপে প্রবেশ করে এক অমানবিক পরিস্থিতির সৃষ্টি করে; জাতিসংঘ এ সমস্যার সমাধানে কোনো ভূমিকা রাখতে পারেনি।



২০০৩ সালে যুক্তরাষ্ট্র জাতিসংঘের অনুমোদন ছাড়াই ইরাক দখল করে নিয়েছিল এবং সাদ্দাম হোসেনকে উৎখাত করেছিল, যা ছিল জাতিসংঘ সনদের বরখেলাপ। ২০১১ সালে 'মানবাধিকার রক্ষায় হস্তক্ষেপ'- এই অভিযোগ তুলে লিবিয়ায় বিমান হামলা চালায় যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য। এ হামলায় গাদ্দাফি ক্ষমতাচ্যুত হন এবং লিবিয়া এখন কার্যত অকার্যকর রাষ্ট্রে পরিণত হয়েছে। একই অভিযোগ উঠেছে সিরিয়ার ক্ষেত্রেও।

শুধু তাই নয়, রোহিঙ্গা সমস্যার সমাধানে এখন পর্যন্ত জাতিসংঘ কোনো কার্যকর ভূমিকা রাখেনি; বরং এ ক্ষেত্রে সংস্থাটি নীরব দর্শকের ভূমিকা পালন করেছে। রোহিঙ্গা গণহত্যার দায়ে মিয়ানমারের বিরুদ্ধে নেয়নি কোনো ব্যবস্থা।

জাতিসংঘের রীতি অনুযায়ী যে কোনো গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ব্যাপারে ৫ সদস্যরাষ্ট্রের যে কোনো একটি কোনো কারণে দ্বিমত পোষণ করে বিপক্ষে ভোট দিলে (ভেটো) সে বিষয়ে আর কোনো সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হয় না। জাতিসংঘকে একটি প্রকৃত কার্যকর সংস্থায় পরিণত করতে হলে এ রীতির সংশোধন ও সংস্কার হওয়া জরুরি।

বস্তুত জাতিসংঘ যেভাবে পরিচালিত হচ্ছে বা এ সংস্থাকে যেভাবে প্রভাবিত করা হচ্ছে, তাতে স্থায়ী ৫ সদস্যরাষ্ট্র ছাড়া আর কারও স্বার্থ রক্ষা পায় না। জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সিদ্ধান্ত গ্রহণে ভেটো ক্ষমতার সংস্কার হলে ক্ষুদ্র ও দুর্বল রাষ্ট্রগুলোর স্বার্থ রক্ষা পেতে পারে।

কোনো রাষ্ট্রের ওপর যেন কোনো অন্যায় সিদ্ধান্ত চাপিয়ে দেয়া না হয় বা কোনো রাষ্ট্র যেন ন্যায়বিচার থেকে বঞ্চিত না হয় সেদিকে জাতিসংঘকে দৃষ্টি দিতে হবে। বিশ্বশান্তি ও নিরাপত্তার প্রয়াস যেন কোনোভাবেই বাধাগ্রস্ত না হয় সেদিকে খেয়াল রাখতে হবে। তবেই জাতিসংঘের গ্রহণযোগ্যতা বাড়বে। বিশ্বে ফিরে আসবে শান্তি।

লেখক: প্রাবন্ধিক

পূজার মধ্য দিয়ে ঐক্যের পাঠ

নিরঞ্জন অধিকারী

শুধু আনুষ্ঠানিকতা নয়, ধর্মদর্শন ও ধর্মানুষ্ঠান থেকে আমরা নিষ্কাশন করে নেব নৈতিকতার আদর্শ। শ্রীদুর্গা দেবীকে পূজা করার মধ্য দিয়ে আমরা পাঠ নেব ঐক্যের। কারণ দেবী দুর্গা আবির্ভূত হয়েছিলেন দেবতাদের সম্মিলিত তেজ থেকে। পাঠ নেব অশুভ দলনের। কারণ দেবী দুর্গা অশুভকে বিনাশ করে শুভকে প্রতিষ্ঠিত করেছিলেন

আমরা জানি, 'ধর্ম' শব্দটি একাধিক অর্থে ব্যবহৃত হয়। এক অর্থে ধর্ম বোঝায় : যা ধারণ করা হয়। ধৃ+মন=ধর্ম। জীবের চরিত্র, আচার-আচরণকে এককথায় তার ধর্ম বলা হয়। যেম-ন–মানুষের ধর্ম মনুষ্যত্ব, পশুর ধর্ম পশুত্ব। জড়বস্তুর বৈশিষ্ট্যকেও ধর্ম বলা হয়। যেমন অগ্নির ধর্ম দহন করা। বিশ্বব্রহ্মাণ্ডের স্রষ্টা, সর্বশক্তিমান, সর্বকারণের কারণ অনাদি-অনন্ত বৃহকে ব্রহ্ম বলা হয়। এই ব্রহ্মের বোধকে বলা হয় ধর্ম। এই বৃহৎ ও সর্বশক্তিমানের কাছে প্রার্থনা করলে তিনি মনোবাঞ্ছা পূরণ করেন। তাই তাঁর স্তুতি করা এবং নানা পদ্ধতিতে তাঁর উপাসনা করা হয়।

এই উপাসনার পদ্ধতিগত পার্থক্যের জন্য মনুষ্যকুলে বিবিধ ধর্মসম্প্রদায়ের সৃষ্টি হয়েছে। আবার একই ধর্মসম্প্রদায়ের মধ্যে মত ও পথের পার্থক্যের কারণে উপসম্প্রদায়গুলোর সৃষ্টি হয়েছে।

সনাতন ধর্মের (হিন্দু ধর্ম) ক্ষেত্রেও এ কথা প্রযোজ্য। সনাতন ধর্মের মূল ধর্মগ্রন্থ হিসেবে 'বেদ'কে স্বীকার করা হলেও একই বেদের বিভিন্ন শাখার সৃষ্টি হয়েছে। পরবর্তীকালে বৈদিক যজ্ঞের স্থলে ঘটে-পটে প্রতিমায় বিভিন্ন দেব-দেবীর পূজা করার রীতি ও প্রথার উদ্ভব ঘটেছে। তবে একেশ্বরবাদের চিন্তাটি কখনো পরিত্যক্ত হয়নি। দেবতারা ঈশ্বর নন। ঈশ্বরের বিভিন্ন শক্তি ও গুণকেই দেবতারূপে প্রতীকায়িত করা হয়েছে।

সমাজ ও ব্যক্তি জীবনের শৃঙ্খলা বিধানের জন্য গৃহীত বিচিত্র বিধি-বিধানের মধ্যে সমন্বয় সাধন করে যে শাস্ত্রের সৃষ্টি করা হয়েছে, তাকেও বলা হয়েছে ধর্মশাস্ত্র। এখানে 'ধর্ম' শব্দটির মানে বিধি-বিধান। এসব বিধি-বিধান অনুসারে উপাসনা ও জন্ম থেকে মৃত্যু পর্যন্ত বিভিন্ন ধর্মানুষ্ঠান করার প্রথা প্রচলিত হয়েছে। সেসব বিধি-বিধান, রীতি-নীতি ও আচার-অনুষ্ঠানের মধ্যেও পার্থক্য রয়েছে।

সুতরাং কতকগুলো বিশ্বাস, কতকগুলো আচার, কতকগুলো অনুষ্ঠান–এই তিনের মিলই প্রচলিত অর্থে ধর্ম নামে পরিচিতি লাভ করেছে।

ছান্দোগ্য উপনিষদে ধর্মকর্মকে তিনটি ভাগে স্থাপন করা হয়েছে : যজ্ঞ, অধ্যয়ন, দান; তপস্যা; আচার্যগৃহে ব্রহ্মচর্য পালন।

যোগশাস্ত্রে বলা হয়েছে যে ধর্ম চারপদ। অর্থাৎ ধর্ম চারটি প্রধান বৈশিষ্ট্যের ওপর ভর করে দাঁড়িয়ে আছে। সেগুলো হলো: তপস্যা, শৌচ, দয়া ও সত্য। তপস্যাই হচ্ছে সাধনা। এই তপস্যা আবার তিন প্রকার।

১. শারীরিক তপস্যা: শারীরিক তপস্যা হচ্ছে–শীত, তাপ, ক্ষুধা, পিপাসা, দুঃখ সহ্য করার ক্ষমতা এবং সরলতা, ব্রহ্মচর্য, অহিংসা ইত্যাদি।

২. বাচিক তপস্যা: বাচিক তপস্যা হলো সত্য, প্রিয় ও হিতকর বাক্য ও শাস্ত্রাভ্যাস।

৩. মানসিক তপস্যা: মানসিক তপস্যা হচ্ছে চিত্তের প্রসন্নতা, অক্রূরতা, বাকসংযম, আত্মসংযম, কপটতা না করা ইত্যাদি।

বৈদিক যুগের আর্যদের ধর্মীয় প্রধান অনুষ্ঠান ছিল যজ্ঞ। অগ্নি প্রজ্বালন করে কাঙ্খিত দেবতার প্রতি স্তুতি করা হয় এবং মর্তের প্রত্যক্ষ দেবতা অগ্নি, তাঁর প্রতি স্তুতি জানানো হয়, তাঁকে উৎসর্গ করা হয় নৈবেদ্য এবং তাঁর কাছে চাওয়া হয় পার্থিব সুখ ও স্বর্গ। যেহেতু অগ্নি মর্তের প্রত্যক্ষ দেবতা, তাই তাঁর মাধ্যমে ইন্দ্র, সূর্য প্রভৃতি দেবতার কাছে স্তুতি জানানো হয়, তাঁদের কাছেও পার্থিব সুখ ও স্বর্গ কামনা করা হয়। এটাই ছিল বৈদিক যুগের আর্যদের ধর্মানুষ্ঠান।

প্রাগার্যদের ছিল পূজা। আর্যরা প্রাগার্যদের কাছ থেকেই 'পূজাভিত্তিক উপাসনা পদ্ধতি' গ্রহণ করে। বৈদিক যুগের পর পৌরাণিক যুগে ব্রহ্মের গুণ ও শক্তির প্রতীক বা প্রতিমা নির্মাণ করে প্রত্যক্ষভাবে পূজা পদ্ধতি আর্যরা গ্রহণ করে। ঘটে আর্য ও প্রাগার্য সভ্যতার মিশ্রণ। আর এর মিশ্রণের মধ্য দিয়েই রূপ পায় সনাতনী সভ্যতা ও সংস্কৃতি। ধর্মটিকে বলা হয় সনাতন ধর্ম। এই সনাতন ধর্মের প্রচলিত নাম হিন্দু ধর্ম।

ধর্মীয় আনুষ্ঠানিকতা কখনো কখনো ধর্মের মূল উদ্দেশ্যকে ছাপিয়ে উঠেছে। উদ্দেশ্যের চেয়ে উপায় ও আনুষ্ঠানিকতাকে বড় করে দেখা হয়েছে। ধর্মদর্শন ও ধর্মানুষ্ঠানকে ব্যবহার করা হয়েছে ব্যক্তি বা গোষ্ঠীস্বার্থে। আবার ধর্ম অনড়, অচল নয়। যুগের পরিবর্তনের সঙ্গে সঙ্গে ধর্মচিন্তার ক্ষেত্রেও ঘটেছে নানা পরিবর্তন। কিন্তু অনেকেই নতুন যুগের উপযোগী পরিবর্তনকে মেনে নিতে চান না। পুরনো ধারণাকে আঁকড়ে থাকেন।



ধর্মদর্শন থেকে নৈতিকতা বা মূল্যবোধ অর্জন প্রত্যাশিত। আমরা তার থেকে দূরে সরে যাই, আনুষ্ঠানিকতাই যেন হয়ে ওঠে ধর্ম। তখন নিজ ধর্ম বা নিজ মতকে কেউ কেউ শ্রেষ্ঠ বলে ভাবে। কেউ কেউ তো অপরের ধর্ম ও ধর্মীয় আনুষ্ঠানিকতার প্রতি বিরূপ মনোভাব পোষণ করে। আর সেই মানসিকতা থেকে জন্ম নেয় সাম্প্রদায়িকতা, সংকীর্ণতা, গোষ্ঠী বা বর্ণবিদ্বেষ।

যুগে যুগে তাই ধর্মীয় নৈতিকতার প্রবক্তারা রুখে দাঁড়িয়েছেন। দিয়েছেন নববিধান। এর মহত্তম দৃষ্টান্ত শ্রীচৈতন্যদেব। তিনি বর্ণভেদকে বিলুপ্ত করে সবাইকে একই শ্রেণিতে নিয়ে আসার বাণী প্রচার করেছেন। বর্ণভেদের প্রশ্নে শ্রীচৈতন্যদেব ষোড়শ শতকে যে প্রগতিশীলতা, মানবতা ও বৈপ্লবিক চেতনার পরিচয় দিয়েছিলেন, আমরা একুশ শতকে এসেও সামাজিকভাবে তার পরিচয় দিতে পারছি না। মানুষের জন্য ধর্ম, না ধর্মের জন্য মানুষ?

ধর্মচিন্তা বা ধর্মদর্শন আমাদের যে শিক্ষা দিচ্ছে, আমরা তাকে আমাদের নৈতিকতার অংশে পরিণত করতে অনেক ক্ষেত্রেই ব্যর্থ হচ্ছি। শুধু ধর্মানুষ্ঠান ও কৃত্যাদি শাস্ত্রানুসারে অনুষ্ঠিত করে চলেছি।

শুধু আনুষ্ঠানিকতা নয়, ধর্মদর্শন ও ধর্মানুষ্ঠান থেকে আমরা নিষ্কাশন করে নেব নৈতিকতার আদর্শ। শ্রীদুর্গা দেবীকে পূজা করার মধ্য দিয়ে আমরা পাঠ নেব ঐক্যের। কারণ দেবী দুর্গা আবির্ভূত হয়েছিলেন দেবতাদের সম্মিলিত তেজ থেকে। পাঠ নেব অশুভ দলনের। কারণ দেবী দুর্গা অশুভকে বিনাশ করে শুভকে প্রতিষ্ঠিত করেছিলেন।

লেখক: ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত বিভাগের সংখ্যাতিরিক্ত অধ্যাপক

নামাজের সময়-সূচী

সেপ্টম্বর/অক্টো	২৬	২৭	২৮	২৯	৩০	৩১	১
ফজর	৬.০৭	৬.০৮	৬.০৯	৬.১০	৬.১১	৬.১২	৫.১৪
সূর্যোদয়	৭.২২	৭.২৩	৭.২৪	৭.২৫	৭.২৬	৭.২৭	৬.৩০
জোহর	১২.৪০	১২.৪০	১২.৪০	১২.৪০	১২.৪০	১২.৪০	১১.৪০
আসর	৪.১৬	৪.১৪	৪.১৩	৪.১১	৪.১০	৪.০৯	৩.০৭
মাগরিব	৫.৫৮	৫.৫৬	৫.৫৫	৫.৫৩	৫.৫২	৫.৫১	৪.৪৯
এশা	৭.১৪	৭.১২	৭.১১	৭.১০	৭.০৯	৭.০৮	৬.০৬

দুঃখ রইল, বেশি রইল শূন্যতা



আসিফ নজরুল

ছাত্রজীবন থেকে তিনজন আইনজীবীর নাম শুনতাম। ড. কামাল হোসেন, ব্যারিস্টার ইশতিয়াক আহমেদ আর ব্যারিস্টার রফিক-উল হক। এস আর পাল, আমিনুল হক, টি এইচ খান আর খন্দকার মাহবুব উদ্দিনের মতো আইনজীবীরাও তখন খ্যাতিমান ছিলেন। কিন্তু নাম বেশি শুনতাম এ তিনজনের।

এঁদের মধ্যে ড. কামাল হোসেন অনন্য ছিলেন বাংলাদেশের সংবিধান রচনায় তাঁর নেতৃস্থানীয় ভূমিকার জন্য। সাম্প্রদায়িকতা ও স্বৈরাচারবিরোধী আন্দোলনে তাঁর সঙ্গে সঙ্গে ইশতিয়াক আহমেদের নামও উচ্চারিত হতো একসঙ্গে। তুলনায় রফিক-উল হক হাউসহোল্ড নেম হয়ে ওঠেন কিছুটা পরে, 'ওয়ান-ইলেভেনে'র সময়।

২০০৭-০৮-এর সে সময়ে কারাবন্দী দুই নেত্রী শেখ হাসিনা ও খালেদা জিয়ার পক্ষে দাঁড়াতে সাহস হয়নি বড় আইনজীবীদের। রফিক-উল হক একাই তখন দুই নেত্রীর আইনজীবী হয়ে বহু মানুষের প্রিয়পাত্র হয়ে ওঠেন। ওয়ান-ইলেভেন সরকারের বিভিন্ন বিতর্কিত পদক্ষেপের বিরুদ্ধে টক শোতে সাহসী বক্তব্য দিয়ে তিনি জনমানুষের কাছেও পরিচিত হয়ে ওঠেন।

২


স্যারের সঙ্গে আমার পরিচয় ও ঘনিষ্ঠতা 'ওয়ান ইলেভেনে'র সময় থেকে। তিনি টেলিভিশনে আমার বক্তব্য শুনে বা পত্রিকার লেখা পড়ে ফোন করতেন। এত প্রশংসা করতেন যে অবাক হতাম। একদিন তিনি বললেন, যা তুমি বলো, বুড়িটার তো বয়স থাকলে তোমার সঙ্গে পালিয়ে যেত। বলে স্যার মধুরভাবে হাসলেন। 'বুড়ি'টা কে বুঝতে আমার সময় লাগল। সংকোচে কঁ-াচমাচু হয়ে গেলাম। পরে স্যারের বাসায় তিনি তাঁর প্রিয়তমা স্ত্রীর সঙ্গে পরিচয় করিয়ে দিলেন। চোখ নাচিয়ে হাসলেন, 'বলেছিলাম না তোমাকে বুড়িটার কথা!'

স্যার পরিচিত ছিলেন বদরাগী মানুষ হিসেবে। অথচ কোনো দিন আমি নিজে তাঁকে রাগতে দেখিনি। বরং রসিকতা করে এমনভাবে হাসতেন, মনে হতো মনে মনে শিশু তিনি। বেশি পরিচিত ছিলেন তাঁর পেশাদার মনোভাবের জন্য। ড. কামালের মতো তিনি শুধু বিনে পয়সায় সমাজের অসহায় ও নির্যাতিত মানুষকে আইনি সেবা খুব একটা দিতেন না, আইনি পেশার লড়াইয়ে জেতার জন্য তিনি মরিয়া পদক্ষেপও নিতেন। কিন্তু এ পেশায় তাঁর কোটি কোটি টাকার উপার্জন তিনি অকাতরে ব্যয় করতেন দাতব্য প্রতিষ্ঠান গড়ার কাজে। বারডেম, আহছানিয়া মিশন ক্যানসার হাস-পাতাল আর আদ-দ্বীন হাসপাতাল প্রতিষ্ঠার কাজে অকাতরে দান করেছেন। নিজে স্কুল, এতিমখানাসহ দাতব্য প্রতিষ্ঠান করেছেন। যেকোনো গরিব আর অসহায় মানুষের জন্য নিজের টাকাপয়সা অবাধে দান করেছেন।

একটা ঘটনা বলি। আমার এক দরিদ্র ছাত্রীর ক্যানসার হলো একবার। বাঁচতে হলে তাকে অবিলম্বে বিদেশে নিতে হবে চিকিৎসার জন্য। তার বাবা একদিন মেয়েসহ আমার রুমে এলেন। 'আমার মেয়েকে বাঁচান' বলে কান্নায় ভেঙে পড়লেন। আমি ব্যাকুল হয়ে তার কথা প্রথম আলোতে লিখলাম। অল্প কিছু টাকা জমা হলো তাঁদের অ্যাকাউন্টে। বড়লোক ধরনের লোকজনের কাছে ফোন করলাম। সবাই শুধু আশ্বাস দেন বা পরে যোগাযোগ করবেন বলে জানান। অল্প দিন হলো পরিচয় হয়েছে স্যারের সঙ্গে। মরিয়া হয়ে তাঁকেই ফোন করলাম। অর্ধেক শুনে তিনি বললেন, 'কত পাঠাব, বলো।' আমি সাহস করে বললাম, হাজার বিশেক পাঠানো যাবে, স্যার? তিনি হাসলেন। বিকেলে আমার বিভাগের পিয়ন কুদ্দুস ফোন করে বলল, ৫০ হাজার টাকা পাঠিয়েছেন তিনি।

৩

তিনি রাজনৈতিক বিষয়ে ততটা আগ্রহী ছিলেন না। তবু আমাদের কথা শুনে ২০১১ সালের নভেম্বরে গণতন্ত্র ও মানবাধিকারের জন্য নাগরিক আন্দোলন নামে একটি নতুন সংগঠনের প্রধানের দায়িত্ব নেন তিনি। জাতীয় প্রেসক্লাবে প্রতিষ্ঠানটির আত্মপ্রকাশ অনুষ্ঠানে তিনি বলেন, 'সুশীল সমাজের একটি সম্মিলিত সংগঠন আমরা করছি। এর মাধ্যমে আমরা রাজনৈতিক দল ও সরকারের ভুল ধরিয়ে দেব, গণতন্ত্র বিকাশে তাদের পরামর্শ ও সহযোগিতা করব।' পরে এ সংগঠনের দু-একজন সরাসরি রাজনীতিতে জড়িয়ে পড়লে তিনি উৎসাহ হারিয়ে ফেলেন। আরও পরে তাঁর স্ত্রীবিয়োগ হলে এবং শরীর খুব খারাপ হয়ে গেলে তিনি ধীরে ধীরে আইন পেশা ও গণমাধ্যম থেকে পুরোপুরি দূরে সরে আসেন।



কয়েক বছর আগে স্যার ফোন করে তাঁর একটি পরিচিত প্রতিষ্ঠানের অনুষ্ঠানে যেতে বলেন। স্যারের সঙ্গে কালিয়াকৈর উপজেলা পরিষদ মিলনায়তনে শিক্ষার্থীদের বৃত্তি প্রদান অনুষ্ঠানে যোগ দিই। আসা-যাওয়ার পথে বহু বিষয়ে অনেক কিছু বলেন তিনি। স্পর্শকাতর রাজনৈতিক বিষয়গুলোয় স্যারের অবর্তমানে কিছু লেখা ঠিক হবে না আমার। তবে এটুকু বলে রাখি, জীবদ্দশায় আহছানিয়া মিশন ক্যানসার হাসপাতালের কাজ সম্পূর্ণ হয়েছে, এটি দেখে যাওয়ার প্রচন্ড তাগিদ তাঁর মধ্যে ছিল। বারবার তিনি পরম মমতায় বলেছেন বিভিন্ন দাতব্য প্রতিষ্ঠান নিয়ে তাঁর ভালোবাসার কথা। কথা। বলেছেন দেশে গণতন্ত্র আর সুশাসন দেখার আকাঙ্খার কথা।

২০১৩ সালে বাংলাদেশে একটি আলোচিত বিষয় ছিল সর্বদলীয় সরকারের অধীনে নির্বাচন। তিনি গণমাধ্যমে বললেন, এ সরকারের প্রধান শেখ হাসিনা হলে সমস্যা নেই। স্যারের বক্তব্য, এ নিয়ে বিতর্ক করলে সমস্যা আরও বাড়বে। আমি স্যারের সঙ্গে দ্বিমত করে প্রথম আলোতে লিখলাম। স্যারের একটু সমালোচনাও করলাম। পরে তাঁর সঙ্গে দেখা হলে বললেন, 'তোমার লেখাটা ভালো ছিল।'

স্যারের সঙ্গে আর বোধ হয় দেখা হয়নি আমার। তিনি পরলোকগমন করেছেন শনিবার। শেষ দিকে খুব অসুস্থ ছিলেন। কেন তখন তাঁকে দেখতে যাইনি, সারা জীবন বিপন্ন বিস্ময় হয়ে থাকবে তা।

স্যারের জানাজা পড়েছি কিছুক্ষণ শনিবার। তিনি চলে গেছেন ৮৫ বছরে। এ বয়সে কেউ মারা গেলে অভিযোগ জানানোর কিছু নেই। হয়তো দুঃখ পাওয়ারও কিছু নেই। তবু বইভর্তি ঘরে ক্ষীণদেহী এ মানুষটার নিমগ্নতার কথা মনে পড়ে। মনে পড়ে, বহু দুর্যোগকালে তাঁর কথা শুনত মানুষ মন দিয়ে। মনে পড়ে, হাসপাতাল নিয়ে স্মৃতিচারণার সময় তাঁর সজল চোখের কথা। ভালো থাকবেন, স্যার। আমার বিশ্বাস, এমন মানুষরা নিশ্চয়ই ভালো থাকেন অনন্ত ভুবনে!

লেখক: ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ও লেখক।



মনোরম ও শান্ত শহর মেলবোর্ন



হাবিব রহমান

গাইড জানালো অস্ট্রেলিয়া একটা বিরাট দেশ। অসাধারণ সব আউটডোর নিয়ে ভারত মহাসাগর ও প্রশান্ত মহাসাগরের মাঝে জেগে থেকে তার আদিম রূপ ও সুন্দরের মিলিত ছন্দেসারা বছর পর্যটকদের আনন্দ দিয়ে আসছে। এখানে দেখারও রয়েছে অনেককিছু। কেউ যদি ১৫ থেকে ২০ দিনের একটা ট্যুর প্রোগ্রাম নিয়ে অস্ট্রেলিয়া ঘুরতে আসে তাহলেই মোটামুটিভাবে দেশটি ঘুরে দেখা সম্ভব। আমাদের হাতে এত সময় নেই। তাই পাখীর চোখে যতটা সম্ভব দেখে নেয়ার চেষ্টা।

আজ আমরা দেখতে এসেছি কুইন ভিক্টোরিয়া মার্কেট। অনেকে হয়তো জানতে চাইবেন মার্কেট তো মার্কেটই তা আবার দেখার কি আছে! আছে-আর আছে বলেই গাইড আমাদের মার্কেটই দেখাতে নিয়ে এসেছে। এক কথায় বলতে গেলে পৃথিবীর সব মার্কেটই কমবেশী একই রকম শুধুমাত্র পণ্যের রকম ফের ছাড়া। কিন্তু কুইন ভিক্টোরিয়া মার্কেটের রয়েছে একটা আলাদা বিশেষত্ব। এটা দক্ষিণ গোলার্ধের অন্যতম বড় একটা ওপেন এয়ার মার্কেট। আর রাতের মার্কেট। মেলবোর্নের এই বাজারটি নভেম্বর থেকে ফেব্রুয়ারী মাস পর্যন্ত 'ভিক্টোরিয়া নাইট মার্কেট' নামে চলে। বুধবারে এর নামকরণ হয়-সুজুকি নাইট মার্কেট। ৬০০ এর বেশী দোকান সমৃদ্ধ এই ওপেন এয়ার মার্কেটে তাজা এবং সুস্বাদু ফল, সব্জি, খাবার দাবার ছাড়াও বার বিনোদন সহ নানা ব্যবস্থা রয়েছে।

দিন শেষে গোধূলির হাত ধরে যখন অন্ধকার নেমে আসে তখনই শুরু হয় এই বাজারের কেনাবেচা। তবে এই নৈশ বাজার যে শুধু মেলবোর্নেই আছে তা নয় বিশ্বের অন্যান্য দেশেও আছে। মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুরে আমি এ ধরনের বাজার দেখেছি। কুয়ালালামপুরের পেটালিং স্ট্রীট এবং লোরং টুংকু আবদুর রহমান নামক স্থানে এধরনের নৈশ বাজার রয়েছে। এরমধ্যে লোরং য়ে স্থানীয় মুসলমানদের ব্যবহার্য জামা কাপড় এবং পেটালিংয়ে সব ধরনের পণ্য বিক্রি হতে দেখেছি।

সিঙ্গাপুরের নৈশ বাজারটির নাম টেক্কা মার্কেট। ওখানেও যাবার সৌভাগ্য আমার হয়েছে। ওখানে প্রসাধনী, অলংকার, তাজা শাক শব্জী, মাছ মাংস, ফুল ফল সবই বিক্রি হয়। এই বাজারটির আরেকটা বিশেষত্ব হলো তাজা জুঁই ফুল বিক্রয় হয় ওখানে। সন্ধ্যার পর জুঁই ফুলের গন্ধে মাতোয়ারা হয়ে উঠে এই মার্কেটের আশ পাশ।

আমার ঘুরে দেখা অন্য নৈশ মার্কেটের মাঝে আছে ফ্রান্সের অদ্রিক্স নাইট মার্কেট। এই বাজারটির অন্যতম আকর্ষন হলো আঞ্চলিক খাবার, মদ, ভেড়ার মাংস, তাজা আখরোট ইত্যাদি। তাই আমার দেখা বিশ্বের অন্যান্য নৈশ মার্কেটের সাথে তুলনা করে দেখার জন্যই কুইন ভিক্টোরিয়া মার্কেটে আমার আগমন।



গাইড জানায়, ১৯ শতকে ভিক্টোরিয়ান শৈলিতে ৭ হেক্টর জায়গার উপর এই মার্কেট টি নির্মিত হয়। প্রচলিত আছে বাজারটি একটি। পুরাতন কবরস্থানের উপর নির্মিত। বাজারের প্রয়োজনীয় বিদ্যুৎ সরবরাহ আসে সৌর প্যানেল থেকে। ১২০ বছর যাবত এভাবেই বাজারটি বিদ্যুতায়িত হয়ে আসছে। যারা শুধু বাজারটি দেখতে আসেন, তাদের জন্য রয়েছে ২ঘন্টার একটি ট্যুর প্যাকেজ। স্থানীয় গাইড বাজারটি ঘুরে ঘুরে দেখায়। বাজারে পণ্য সামগ্রীর মূল্য খুবই কম। বাজারটি বন্ধ হবার ২ ঘন্টা আগে সব পণ্য সামগ্রীতে ছাড় দেয়া হয়। স্থানীয় বাসিন্দাদের তৈরি নানারকম হস্ত শিল্প সামগ্রী এখানে কিনতে পাওয়া যায়।

এবারে আমাদের দর্শনীয় তালিকায় মেলবোর্নের শহীদ মিনার। না, এটা বাংলাদেশীদের নির্মিত কোন শহীদ মিনার নয়। এর নাম স্রাইন অব রিমেম্বারেস। একটি ছোট্ট পাহাড়ের উপর নির্মিত পিরামিড আকৃতির এই শহীদ মিনারটি প্রথম বিশ্বযুদ্ধ শেষ হবার পর শহীদদের স্মৃতি রক্ষার্থে এই মিনারটি ১৯২৭ সালের ১৯ নভেম্ভর ভিত্তি প্রস্তর সস্থাপন করা হয় এবং কাজ শেষ হয় ১৯৩৪ সালে।প প্রতি বছর ১১নভেম্বর শহীদদের স্মৃতির প্রতি সম্মান জানাতে এখানে এসে সবাই সমবেত হন। ঐ দিন একটা অন্য রকম অনুষ্ঠান হয় এখানে। শহীদ মিনারটির ভেতরে একটি বেদীর উপর লিখা আছে "লাভ" শব্দটি। ছাদের একটি ছিদ্র দিয়ে এই লাভ শব্দটির উপর সূর্যালোক প্রক্ষেপণ করা হয়। এই আলোতে ঝলমল করে উঠে লাভ বা ভালোবাসা শব্দটি। দেশের জন্য যারা জীবন দিয়েছেন তাদের এই বিশেষ দিনটিতে এই ভাবেই স্মরণ করা হয়। স্মৃতি সৌধের পাশেই স্হাপন করা আছে একটি স্তম্ভ। যেখানে জ্বলছে শিখা অনির্বাণ। গাইড জানায় এখানে সারা বছর পর্যটকের সমাগম ঘটলেও মেলবোর্নবাসীরা এখানে আসেন শুধু এই একটি দিনেই। গাইড আরো জানায়, এই শহীদ মিনারটি তৈরি করতে সরকারকে অনেক ঝক্কির মুখে পড়তে হয়। খৃস্টান পাদ্রীরা এর নির্মাণ বিরোধিতা করে। তাদের বিরোধিতার কারণ ছিলো স্মৃতি সৌধের ডিজাইনটির কোথাও ক্রুশ বা কোন ধর্মীয় চিহ্ন রাখা হয়নি। পরে অবশ্য আলাপ আলোচনার মাধ্যমে এই সমস্যার সমাধান করা হয়।

আমাদের পরবর্তী গন্তব্য রয়েল বোটানিক্যাল গার্ডেন। ৯৪ একর জায়গা নিয়ে প্রতিষ্ঠিত এই বাগানটিতে প্রতিবছর গড়ে ২ মিলিয়ন পর্যটক বেড়াতে আসেন। গাইড জানায় প্রায় ১০ হাজার প্রজাতির গাছ গাছড়া আছে এই বাগানে। প্রায় তিনশো বছরের পুরনো একটি ইউক্যালিপটাস গাছ আছে এই এখানে নিউ সাউথ ওয়েলস থেকে পৃথক হবার সময়ে এই গাছের নীচে দাঁড়িয়েই স্বতন্ত্র ভিক্টোরিয়া রাজ্যের ঘোষণা দেয়া হয়েছিলো।

পরবর্তী গন্তব্যে যাবার জন্য গাড়ীতে গিয়ে বসলাম। তরুণ গাইডের বক্তৃতা শুনছিলাম বসে বসে। ১৮৩৭ সালে তৎকালীন বৃটিশ প্রধানমন্ত্রী উইলিয়াম ল্যাম্ব মেলবোর্নের নামানুসারে এই শহরটির নাম রাখা হয় মেলবোর্ন। ছয় বাই চার ব্লকের ছোট্ট শহরটির জনসংখ্যা ছিলো সেদিন মাত্র ১৭৭জন। ১৯৫১ সালে হঠাৎ করেই সোনার খনি আবিস্কার হয় এখানে। তারপর এই ছোট্ট শহরটি ধনী শহরের তালিকায় নাম লিখিয়ে ফেলে। সোনার টাকায় চেহারা পাল্টে যায় শহরের। শুরুতেই তারা শহরটির যে অবকাঠামো নির্মাণ করেন তার উপরেই গড়ে উঠে আজকের এই মেলবোর্ন শহর।

গাড়ী এসে থামলো মেলবোর্ন পার্লামেন্ট হাউজের সামনে। গাইডের অনুসরণ করে আমরা এসে থামলাম ছোট্ট বাগানঘেরা লাল টালির ছাদের একটা কুটিরের সামনে। গাইড জানালো- এটা ক্যাপ্টেন জেমস কুকের স্মৃতি বিজরিত কুটির-কুকস কটেজ।

ক্যাপ্টেন জেমস কুকের কথা ইতিহাসে অনেক পড়েছি। ইংল্যান্ডের ইয়র্কশায়ারে জন্ম নেয়া কুক ছিলেন বৃটিশ রাজকীয় নৌ বাহিনীর একজন নাবিক। ১৭৭২ সাল থেকে ১৭৭৩ সাল পর্যন্ত এক অভিযানে তিনি সমগ্র অস্ট্রেলিয়া আবিস্কার করে ইতিহাসে অমর হয়ে রয়েছেন।

গাইড জানালো এই কুটিরটাকে ইংল্যান্ড থেকে তুলে এনে এখানে বসিয়ে দেয়া হয়েছে। ১৯৩৪ সালে অস্ট্রেলিয়ার ভিক্টোরিয়া রাজ্যের শতবর্ষ পালিত হয়। মেলবোর্নের বিশিস্ট ব্যবসায়ী রাসেল গ্রিম এয়েড চাইছিলেন ভিক্টোরিয়ান সরকারকে কিছু একটা উপহার দিতে। ইংল্যান্ডে ক্যাপ্টেন কুকের বাড়ীটি নিলামে বিক্রি হচ্ছে জানতে পেরে তিনি তা কিনে নেন। মেলবোর্নের একদল স্থপতি-কে সাথে নিয়ে ইট কাঠ টালি খুলে ২৫৩ টি বড়বাক্স আর ৪০ টি ব্যারেল ভর্তি করে মেলবোর্নে নিয়ে আসেন এই কুকস কটেজ। ১৯৩৪ সালের ১৫ অক্টোবর রাসেল গ্রিম ওয়েড কটেজটি আনুষ্ঠানিকভাবে তুলে দেন মেলবোর্নের মেয়রের হাতে। দিনের আলো ক্রমেই ফুরিয়ে আসছিলো। আর সারাদিন ঘুরে ঘুরে সবাই ছিলাম ক্লান্ত। আমাদের মুখের ভাষাটা যেন পড়তে পারছিলেন তরুণ অথচ অভিজ্ঞ গাইড। তাই গাড়ী ঘুরিয়ে নিয়ে রওয়ানা হলো আমাদের হোটেলের দিকে।

লেখক: সাংবাদিক, সিইও বাংলা ট্যুর।

আমেরিকার পরবর্তী প্রেসিডেন্ট কে জো বাইডেন নাকি ডোনাল্ড ট্রাম্প?



কাজী আবু মোহাম্মদ খালেদ নিজাম

ক'দিন পরেই যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট নির্বাচন। করোনা পরিস্থিতির তেমন উন্নতি না হলেও বিশ্ববাসীর চোখ ঠিকই আসন্ন আমেরিকান প্রেসিডেন্ট নির্বাচনের দিকে রয়েছে। আমাদের এখানে চায়ের দোকান থেকে শুরু করে রাজনৈতিক মঞ্চ পর্যন্ত সবখানে এই নির্বাচন নিয়ে আলোচনা কম হয়না। তাছাড়া, আমেরিকান নির্বাচন বিশ্বরাজনীতিতে বেশ প্রভাবও রাখে বৈকি! দুই পপ্রতিদ্বন্দ্বী প্রার্থী ডেমোক্রেট পার্টির জো বাইডেন ও রিপাবলিকান পার্টির ডোনাল্ড ট্রাম্প যিনি বর্তমান প্রেসিডেন্ট উভয়েই জোর নির্বাচনী প্রচারণা চালাচ্ছেন। করোনা আক্রান্ত হয়েও ট্রাম্প বিভিন্ন প্রচার সমাবেশে যোগ দিচ্ছেন।

আমেরিকার প্রেসিডেন্ট নির্বাচন নিয়ে বিশ্বজুড়ে চলছে আলোচনা-সমালোচনা, কল্পনা-জল্পনা। কে হচ্ছেন পরবর্তী প্রেসিডেন্ট এখন তা অনেকেরই প্রশ্ন। আমেরিকার ভোটাররা ৩ নভেম্বর নির্ধারণ করবেন ডোনাল্ড ট্রাম্পকে তারা আরো চার বছরের জন্য হোয়াইট হাউজে দেখতে চান কিনা? নির্বাচনে রিপাবলিকান প্রেসিডেন্টকে চ্যালেঞ্জ জানাবেন ডেমোক্র্যাটিক প্রার্থী জো বাইডেন, যিনি বারাক ওবামার ভাইস প্রেসিডেন্ট হিসেবে অনেক বেশি পরিচিত, যদিও তিনি গত শতাব্দীর ৭০-এর দশক থেকে যুক্তরাষ্ট্রের রাজনীতির সঙ্গে যুক্ত আছেন।

নির্বাচনের সময় যতোই ঘনিয়ে আসছে জনমত যাচাইকারী কোম্পানিগুলো সারা দেশে লোকজনের পছন্দ অপছন্দ জানতে ততোই ব্যস্ত হয়ে পড়ছে। ভোটারদের তারা প্রশ্ন করছে তারা কোন প্রার্থীকে প্রেসিডেন্ট হিসেবে দেখতে আগ্রহী। আমি নিজেও নিউইয়র্কে বসবাসরত আমার বাবা, মা, ভাই আত্মীয় স্বজনসহ অনেকের সাথে কথা বলে সেখানকার নির্বাচনের পরিস্থিতি সম্পর্কে কিছুটা ধারণা পেয়েছি। তারা বলছেন, নির্বাচনে কে জয়ী হবেন সেটা নিশ্চিত হওয়া খুবই টাফ। কারণ, গতবার হিলারীর এতো সম্ভাবনা থাকা সত্ত্বেও তিনি প্রেসিডেন্ট হতে পারেননি। অন্যদিকে, আমেরিকানরা বিশ্বব্যাপী নারীর ক্ষমতায়ন নিয়ে সরব থাকলেও নিজেদের দেশে এর বাস্তবায়ন দেখাননা নাকি দেখতে চাননা তা বোঝা বড় মুশকিল!



এখন প্রশ্ন হচ্ছে- আমেরিকার নির্বাচনে জনপ্রিয়তার দৌড়ে কোন প্রার্থী এগিয়ে। এ সম্পর্কে বিবিসি তাদের একটি বিশ্লেষণে যেমনটা বলছে, 'কে কতোটা এগিয়ে আছেন সে বিষয়ে জাতীয় পর্যায়ে পরিচালিত জরিপ বা সমীক্ষা থেকে কিছুটা ধারণা পাওয়া যায়। তবে এসব জরিপ থেকে নির্বাচনের ফলাফল সম্পর্কে আগে থেকে আন্দাজ করা কঠিন।

উদাহরণ হিসেবে ২০১৬ সালের প্রেসিডেন্ট নির্বাচনের কথা উল্লেখ করা যেতে পারে। ওই নির্বাচনের আগে জাতীয় পর্যায়ে পরিচালিত জনমত জরিপে এগিয়ে ছিলেন ডেমোক্র্যাট প্রার্থী হিলারি ক্লিনটন। নির্বাচনে প্রেসিডেন্ট ট্রাম্পের চেয়ে তিনি ৩০ লাখ ভোট বেশি পেয়েছিলেন কিন্তু শেষ পর্যন্ত তিনি হেরে যান এবং ডোনাল্ড ট্রাম্পই প্রেসিডেন্ট নির্বাচিত হন।

যুক্তরাষ্ট্রের বিশেষ নির্বাচনী ব্যবস্থা ইলেকটোরাল কলেজ পদ্ধতির কারণে এরকম হয়েছে। ফলে বেশি ভোট পেলেই নির্বাচনে জয়ী হবেন সেটা সবসময় নিশ্চিত করে বলা যায় না।

এবছর জাতীয় পর্যায়ে যত জরিপ হয়েছে তার বেশিরভাগ ফলাফলেই জো বাইডেন এগিয়ে আছেন। গত কয়েক সপ্তাহে যেসব জরিপ হয়েছে তাতে দেখা যাচ্ছে বাইডেনের প্রতি সমর্থন ৫০% এর কাছাকছি। কোন কোন ক্ষেত্রে তিনি ডোনাল্ড ট্রাম্প থেকে এগিয়ে আছেন ১০ পয়েন্টে। তবে প্রেসিডেন্ট ট্রাম্প গত কয়েকদিনে এই দূরত্ব কিছুটা কমিয়ে আনতে সক্ষম হয়েছেন। সাম্প্রতিক সময়ের জরিপে দেখা যাচ্ছে, জো বাইডেনের প্রতি সমর্থন যেখানে ৪৯%, সেখানে ডোনাল্ড ট্রাম্পের পেছনে সমর্থন ৪৫%।

গত নির্বাচনের আগে হিলারি ক্লিনটন ও ডোনাল্ড ট্রাম্প কার অবস্থান কোথায় এই চিত্রটা ততোটা পরিষ্কার ছিলো না। এবার দুই প্রার্থী জো বাইডেন ও ডোনাল্ড ট্রাম্পের মধ্যে ব্যবধান অনেক বেশি, কোথাও কোথাও ৫% থেকে ১০%। অথচ ২০১৬ সালের জনমত জরিপগুলোতে ডোনাল্ড ট্রাম্প ও হিলারি ক্লিনটনের মধ্যে ব্যবধান ছিলো সামান্য কিছু পয়েন্ট।

গত নির্বাচনে হিলারি ক্লিনটনের পরাজয় থেকে এটা স্পষ্ট হয়েছে যে কোন প্রার্থী কতো বেশি ভোট পেয়েছেন তার চেয়েও বেশি গুরুত্বপূর্ণ হচ্ছে কোন রাজ্যে কোন প্রার্থী বেশি ভোট পেয়েছেন। সাধারণত বেশিরভাগ রাজ্যেই সবসময় একই রকমের ভোট পড়ে। কিছু কিছু রাজ্য আছে যেখানে দু'জন প্রার্থীর যে কেউ বিজয়ী হতে পারেন। এসব রাজ্যেই নির্ধারিত হবে কে নির্বাচনে জয়ী আর কে পরাজিত হবেন। জয় পরাজয়ের যুদ্ধটা হয় সেখানেই আর তাই এসব রাজ্যকে বলা হয় ব্যাটেলগ্রাউন্ড ষ্টেট।

লেখক: শিক্ষক ও প্রাবন্ধিক, রাংগুনিয়া, চট্টগ্রাম, বাংলাদেশ।

বাংলাদেশ কম্যুনিটিতে এখন সবচেয়ে বিশ্বস্ত ট্রাভেল এজন্সি

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া



SUPER WINTER SALE

আমরা IATA অনুমোদিত

ফোন: 718-721-2012

উমরাহ্ স্পেশাল

★ হোটেল ★ ভিসা ★ ট্রান্সপোর্টেশান

KUWAIT AIRWAYS

QATAR AIRWAYS القطرية

Emirates

TURKISH AIRLINES

السعودية SAUDIA

আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়

Digital Travel Astoria

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া

2578, 31st Street, Astoria, NY 11102

সাবওয়েতে N ও W ট্রেনে 30th Avenue Station

Cell: 917-459-7181

website: www.digitaltraveltour.com

We are on Facebook

ভারতের ফেক নিউজ,

(১১ পাতার পর)

আর্মিই নওয়াজের ক্ষমতার জন্য প্রধান বাধা বলে অনুভব করাতেই পুরো ব্যাপারটা আর রাজনৈতিক সমস্যা হয়ে থাকেনি। নওয়াজ গংয়ের পেটি ব্যবসায়িক স্বার্থ মুখ্য করে হাজির করাতে ভারতের তাঁবেদারিটাই মুখ্য হয়ে উঠেছিল, যা পাকিস্তানে সে সময় রাজনীতিবিদ (ব্যবসায়ী) বনাম আর্মি এই নামে হাজির হয়েছিল। তবু পাকিস্তান আর্মি আমেরিকার ইচ্ছা মেনে সেই থেকে আর কখনো ক্ষমতা দখল করতে যায়নি। আর না করেও রাজনীতিতে যতটুকু প্রভাব রাখা যায় সে চেষ্টা করে অবশ্য। বলাবাহুল্য, নওয়াজদের মতো রাজনীতিবিদ থাকলে এ সমস্যার কোনো দিন কোনো সমাধান নেই।

তবে পরিস্থিতিকে ভারতের আধিপত্যে নেয়ার দিকে ঠেলে দেয়ার জন্য আমেরিকানদের লোভের স্বার্থ মূলত দায়ী। আমেরিকার আগ্রহ ভারতের বাণিজ্য, বাজার, অস্ত্র বিক্রি ইত্যাদির ওপর যেটা ভারত পারমাণবিক বোমা বানিয়ে ফেলার পর থেকে প্রায় বাণিজ্য সম্পর্কহীন হয়ে পড়েছিল। কিন্তু ভারত তা আমেরিকাকে দেয়ার এক পূর্বশর্ত হিসেবে উল্টো পাকিস্তানের বাজার ভারতকে পাইয়ে দিতে যেন আমেরিকা সাহায্য করে এই শর্ত দিয়েছিল। আর এই ভারত-আমেরিকান স্বার্থের মধ্যে পড়ে পাকিস্তানের ভাগ্য হারিয়ে গিয়েছিল। আজ সেসব পুরনো পাকিস্তানবিরোধী পরিকল্পনা আবার সামনে আসছে, একটু একটু করে। তার আগে মাদিহার বাকি কথা শেষ করে নেই।

মাদিহা এবার তার কথা শেষ করতে সরাসরি ২০১৮ সালের নির্বাচন প্রসঙ্গে চলে যান। তিনি বলেন, এখানে 'অস্বীকার করা কঠিন' এমন দুটো ফ্যাক্টস আছে। প্রথমত, নির্বাচন কমিশনের ম্যানেজমেন্ট ফেইলিওর বা অযোগ্যতাটা ছিল মারাত্মক। সারা দিন ভোট প্রদানের সময় কোথাও কোনো বড় অভিযোগ ছিল না, ওঠেনি। কোনো ভোট গণনার শুরুতে তা আরো দেরি হওয়ায় মানুষের সন্দেহ বাড়তে থাকে। কারণ কমিশনের সফটওয়ার ফেল করেছিল। মাদিহার দ্বিতীয় পয়েন্টটা অনেক শক্ত। তিনি বলছেন, বিদেশী পর্যবেক্ষক হিসেবে ছিল ইইউর অবজারভার, এক বড় টিম। তাদের রিপোর্ট হলো, নির্বাচন মোটা দাগে 'ইতিবাচক' হয়েছে।

এ ছাড়া যে প্রসঙ্গ মাদিহা আনেননি তা হলো, আসলে যেখানে আর্মির প্রভাব ছিল, তা হুবহু নওয়াজের দলের পুরনো এমপিকে দুর্নীতির দায়ে আদালতের মাধ্যমে অযোগ্য ঘোষণা করে দেয়া হয়েছিল। এই কাজে পরোক্ষে আর্মির হাত ছিল মনে করা হয়। এ কথা অবজারভাররাও বলেছিল। এর মূল কারণ, ওই ইসলামী দুর্নীতির আইন। এটি ব্যবহার করার ক্ষেত্রে আদালতকে যথেচ্ছ অধিকার দেয়া আছে। এক রায়ের শেষে বিচারকের এমন মন্তব্য আছে যে, আমাদের এমন ক্ষমতা দিলে তো এটি হবেই। আর সেটা ব্যবহার করাতেই নওয়াজের দলের বহু প্রার্থী অযোগ্য হয়ে যায়। তবে মূলত তাদের সফটওয়ার ফেল করার কারণে ফলাফল দিতে দেরি হয়েছে। আর এ থেকেই প্রচারণার শুরু।

এখন শেষে মূল যে কথাটা তা হলো, বিরোধী দলের এই আন্দোলন শুরু হলে পরে কেন ইমরান আলজাজিরাকে বলছেন যে, এই আন্দোলনে নওয়াজ শরিফ 'ভারতের খেলা খেলতে নেমেছেন'! প্রথমত এটি কথার কথা কোনো অভিযোগ বা কমন রাজনৈতিক দল একে অপরকে যেভাবে ও অর্থে যেমন বলে থাকে সেই সাধারণ অর্থ বলা কোনো কথা নয়। এর সুদূরপ্রসারী অর্থ আছে। কী সেটা?

দুনিয়ার এই সময়টা এখন পালাবদলের। গোবাল নেতা বা নেতৃত্বের পালাবদল– আমেরিকার বদলে চীনের নেতৃত্ব নেয়ার পালাবদল। আমেরিকা জানে, এই পরিবর্তন অনিবার্য। তা জেনেও যত তাতে দেরি করিয়ে দেয়া যায় এই লক্ষ্যে আমেরিকা খড়কুটোও আঁকড়ে ধরতে চাইছে। আর তা থেকেই যাবতীয় নতুন সমস্যা।

আর এ কাজে আমেরিকার চেয়েও অনুসারী সাগরেদ ভারত আরো কূটাশ্রয়ী হতে চাইছে। তাই ভারত চাইছে, একটা গোবাল পোলারাইজেশনের মধ্যে পাকিস্তানকে ফেলে দিতে। মওলানা ফজলু মানে সৌদি লবি বা প্রভাব। ভারত এটিকে উপরে আমেরিকা, মাঝে সৌদি আর নিচে ভারত এভাবে পোলারাইজেশন টানতে চাইছে। যেন পাকিস্তানে আমেরিকা-চায়না পোলারাইজেশনটা পাকিস্তানের দলভিত্তিক হয়ে যাক। যেমন ইমরান এক দিকে আর তিনটি দল অন্য দিকে– ভারত-চীন পোলারাইজেশনের দুই ভাগ এমন হোক। এতে ভারত নওয়াজকে পুরনো ১৯৯৯ সালের কথা ও অ্যালায়েন্সের কথা, ব্যবসায়িক সুবিধার কথা মনে করিয়ে সুড়সুড়ি দিচ্ছে। আর নওয়াজের অবস্থা হলো যাকে দুর্নীতির দায়ে বাকি জীবন জেলে থাকার কথা কারণ তার তো সাজার রায় হয়ে গেছে তাই, তার কাছে পাকিস্তান ভারতের অধীনে গেলেইবা কী? যদি তাতে নওয়াজ খালাস পেয়ে যাওয়ার উপায় পাওয়া যায়? এ কারণেই ভারতের গৃহযুদ্ধের প্রপাগান্ডা নওয়াজের সাথে ভারতের আঁতাত কত গভীরে চলে গেছে এরই প্রকাশ।

কিন্তু মূল কথা– একটা দেশের জন্য এই সময়ে সবচেয়ে খারাপ হবে যদি ক্ষমতাসীন ও বিরোধীরা চীন বা আমেরিকান এই ভিত্তিতে দেশের দলগুলো একেকটার এজেন্ট হয়ে ভাগ হয়ে যায়। পাকিস্তানের ভাগ্যে সেই বিপদ ঘটতে যাচ্ছে। আর এটাই আমাদের জন্যও কী কোনো ইঙ্গিত যে, আমাদের ভাগ্যেও না এমন পরিণতি কোনো ফাঁক-ফুটো দিয়ে এসে যায়!

লেখক : রাজনৈতিক বিশ্লেষক

EFFICIENT MEDICAL CARE DHAKA DENTAL P.C.
ডা. বর্ণালী হাসান এমডি ও ডেন্টিস্ট মাহফুজুল হাসান ডি.ডি.এস
দুটি অফিসের মাধ্যমে দীর্ঘদিন ধরে চিকিৎসা সেবা দিয়ে আসছেন

DR. MAHFUJUL HASAN D.D.S

DR. BORNALI HASAN MD
উভয় অফিসে এপয়েন্টমেন্টের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন
চিকিৎসা সেবায় আগ্রহী ব্যক্তিরা যেকোন একটি অফিসে যোগাযোগ করতে পারেন। প্রায় সব ধরনের মেডিকেইড, প্রাইভেট এবং ইউনিয়ন ইনসিওরেন্স গ্রহণ করা হয়।
মেডিকেইড, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট ও এ্যাফিনিটি ইনসিওরেন্সের গ্রাহকেরা তাৎক্ষণিক ভাবে দাঁতের চিকিৎসা নিতে পারেন।
আমাদের শাখা দু'টি
JAMAICA
170-09 Hillside Ave. Jamaica, NY 11432
Tel: (718) 291-2710 (MEDICINE),
(718) 480-8877 (DENTAL)
SUNNY SIDE
40-14 Green Point Ave. Sunnyside, NY 11104
Tel: (718) 392-2858 (MEDICINE),
(718) 779-1300 (DENTAL)
General Dentist :
Dr. Hatim Gandhi, D.D.S
Dr. Frederik Fisher, D.D.S

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী

● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন
সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।
মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

বাংলা পত্রিকা
পড়তে
ভিজিট করুন
banglapartikausa.com

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।
অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'
আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় ন্যূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।
তাছাড়া ১ মিলিয়ন বা ন্যূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।
বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।
দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার থ ঠরংধ'র সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।
আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?
* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।
Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282. Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
বিসমিল্লাহ হালাল লাইভ পোল্ট্রি, মিট এন্ড ফিস মার্কেট



New Price
বিশাল মূল্যহ্রাস
রেড/ব্লাক চিকেন $3.25/lb
১০টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ৩টি ফ্রি
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি (৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৩টি হার্ড চিকেন $12.99 (১টি রেড হার্ড চিকেন ফ্রি)
আমাদের আরও রয়েছে কবুতর, কোয়েল, চাকার, টার্কি মুরগী ও রাজা মোরগ, বাদি হাঁস, হাঁস ও কোয়েলের ডিম
প্রতিদিন জবেহ করা হালাল মাংসের মধ্যে রয়েছে-
রেগুলার গোট $4.49/lb বেবি গোট $6.49/lb
বিমানে আসা তাজা মাছসহ আমাদের এখানে পাবেন লাইভ ফিস
এছাড়াও আমাদের এখানে সুলভ মূল্যে পাওয়া যাবে বাংলাদেশের যাবতীয় ব্লকের মাছ
বোয়াল, আইড়, কোরাল, পাবদা, স্টার বাইন, লং বাইন, চিতল, কাতলা, বাছা ও শোল



লাইভ তেলাপিয়া $3.49lb
লাইভ বাফেলো $3.49lb
আমেরিকান ইলিশ $1.99lb
দেশী রুই $1.79lb
Herring Fish (চাপিলা মাছ) $2.49lb
Porgy $1.49lb
লাইভ ক্যাটফিস, স্যালমন, স্ট্রাইপ ব্যাস, সীব্যাস, স্নেপ্ট, হ্যারিং, শ্রিম্প, বাংলাদেশী গলদা চিংড়ি এবং ইলিশ মাছ

স্পেশাল
রেশমী বাসমতি রাইস $17.99
আমিন বাসমতি রাইস $17.99
আমিন পারবয়েলড রাইস $9.99
ডোনার বাসমতি রাইস $18.99
বাহার বাসমতি রাইস $13.99
সুলতানা বাসমতি রাইস $12.99
কচুর লতি (৩ প্যাক) $4.99
৩ প্যাক কেসকি মাছ $4.99
১ ডজন ডিম .99c
ব্যারিস্টার রফিক-উল হকের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ, প্রধানমন্ত্রী শেখ হাসিনা, জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমীন চৌধুরী, প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন, বসুন্ধরা গ্রুপের চেয়ারম্যান আহমেদ আকবর সোবহান, আইনমন্ত্রী আনিসুল হকসহ বিশিষ্টজনেরা। স্বাস্থ্য পরীক্ষার জন্য বর্তমানে দুবাইয়ে অবস্থানরত রাষ্ট্রপতি এক শোকবার্তায় বলেন, দেশে আইনের শাসন প্রতিষ্ঠায় ব্যারিস্টার রফিক-উল হক বিপুল অবদান রেখেছেন। ১৭ অক্টোবর থেকে আদ্-দ্বীন হাসপাতালে চিকিৎসা নিচ্ছিলেন তিনি। অবস্থার অবনতি হলে তাঁকে নেওয়া হয় লাইফ সাপোর্টে। লাইফ সাপোর্টে চিকিৎসাধীন অবস্থায় শনিবার তিনি শেষনিঃশ্বাস ত্যাগ করেন। পরে বেলা ১১টায় রফিক-উল হকের প্রথম জানাজা হয় আদ-দ্বীন হাসপাতালেই। বাদ জোহর বায়তুল মোকাররমে হয় দ্বিতীয় জানাজা। এর আগে লাশ নেওয়া হয় তাঁর পুরানা পল্টনের বাসায়। সেখানে সর্বস্তরের মানুষ তাঁর লাশে শ্রদ্ধা জানান। পরে দীর্ঘদিনের কর্মস্থল সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতিতে আনা হয় তাঁর লাশ। বেলা ২টায় সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতি প্রাঙ্গণে রফিক-উল হকের তৃতীয় জানাজা সম্পন্ন হয়। এরপর তাঁর লাশ নিয়ে যাওয়া হয় বনানী কবরস্থানে। সেখানে স্ত্রী ফরিদা হকের কবরের পাশেই দাফন করা হয় প্রবীণ এই আইনজীবীকে।

অর্থনীতিতে অবদানের জন্য প্রবাসী স্বীকৃতির আহ্বান

(প্রথম পাতার পর)

নামগে শেরিং, ভারতের নারী ও শিশু উন্নয়ন মন্ত্রী স্মৃতি ইরানি, মালদ্বীপের অর্থমন্ত্রী ইব্রাহিম আমির, নেপালের প্রধানমন্ত্রীর বিশেষ অর্থনৈতিক উপদেষ্টা ড. যুবরাজ খাতিওয়াদা, পাকিস্তানের প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী এবং দারিদ্র্য দমন ও সামাজিক সুরক্ষা বিষয়ক কেন্দ্রীয় মন্ত্রী ড. সানিয়া নিশতার এবং শ্রীলংকার শিক্ষামন্ত্রী প্রফেসর জি.এল.পিরিস এর সাথে এক ভার্চুয়াল গোলটেবিল সভায় অংশগ্রহণ করেন।

বাংলাদেশ সরকার পরিবার এবং শ্রমিকদের রক্ষা করতে কি কি ধরনের সামাজিক সুরক্ষা ব্যবস্থা গ্রহণ করছে যাতে করে তাদের নেতিবাচক মোকাবেলা প্রক্রিয়া অবলম্বন করতে না হয় এমন প্রশ্নের উত্তরে মাননীয় অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেন, কোভিড -১৯ এর অপ্রত্যাশিত অভিঘাত থেকে উদ্ভূত প্রাসঙ্গিক বিষয়টি নিয়ে আলোচনার জন্য বিশ্বব্যাংককে ধন্যবাদ জানাই। আপনারা সকলেই অবশ্যই অবগত যে বাংলাদেশ বিভিন্ন দিক থেকে আলাদা বৈশিষ্ট্য মন্ডিত। বাংলাদেশের রয়েছে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাস্তবাদী নেতৃত্ব এবং দেশে বিদেশে কঠোর পরিশ্রম করা নাগরিক।

বিশ্বব্যাংক এবং অন্যান্যরা অনুমান করেছিল যে করোনার কারণে বাংলাদেশসহ বিশ্বব্যাপী রেমিট্যান্সের পরিমাণ হ্রাস পাবে। যা বাংলাদেশের অর্থনীতির অন্যতম ভিত্তি, বিশেষত গ্রামীণ অনানুষ্ঠানিক অর্থনীতিতে গার্হস্থ্য চাহিদা এবং প্রণোদিত বিনিয়োগের ক্ষেত্রে যার অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। আমি আনন্দের সাথে সকলকে অবগত করতে চাই যে বাংলাদেশে অভ্যন্তরীণ রেমিট্যান্সের সবসময়ে উর্ধ্বমুখী প্রবণতা দেখিয়েছে এবং সম্প্রতি এটি ত্বরান্বিত হয়েছে। আমরা ২০১৯-২০২০ অর্থবছরে ১৮.২ বিলিয়ন মার্কিন ডলার পরিমাণে পরিমাণে সর্বোচ্চ রেমিট্যান্স পেয়েছি।

চলতি ২০২০-২০২১ অর্থবছরের প্রথম প্রান্তিকে ৬.৭১ বিলিয়ন ইউএস ডলার রেমিট্যান্স রেকর্ড হয়েছে, যা পুর্বের বছরের একই প্রান্তিকের চেয়ে ৪৯% বেশি। আমাদের সরকার ঘোষিত ২% সরাসরি নগদ প্রণোদনা নীতি এক্ষেত্রে প্রশংসার দাবীদার। তাই এটি স্পষ্টই প্রতীয়মান হয় যে আমাদের রেমিট্যান্স মোটেও কমেনি বরং প্রচুর পরিমাণে বেড়েছে। বিশ্বব্যাপী আমাদের প্রায় ১১.৬ মিলিয়ন বাংলাদেশী নাগরিক বিভিন্ন ক্ষেত্রে কাজ করে। মালয়েশিয়ার করা একটি সমীক্ষায় দেখা গেছে মালয়েশিয়ায় যে সমস্ত ব্যবস্থাপক পর্যায়ে বিদেশী রয়েছেন যার ৩৭% শতাংশই বাংলাদেশী নাগরিক।

অর্থমন্ত্রী আরো বলেন, তবুও বিশ্বব্যাপী অর্থনৈতিক বন্ধের কারণে গৃহবন্দী অভিবাসী শ্রমিকদের নিয়ে উদ্বেগ উপেক্ষা করা যায়না। আমাদের গত ১ এপ্রিল থেকে ১৫ অক্টোবরের মধ্যে ১,৯৫,৬৯৮ জন শ্রমিক ফিরে এসেছেন। যদিও বিশ্বব্যাপী মোট প্রবাসী বাংলাদেশী সম্প্রদায়ের তুলনায় এটি বড় সংখ্যা নয়। আমাদের প্রবাসী ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সূত্রমতে চলতি ২০২০-২১ অর্থবছরের ১৫ অক্টোবর পর্যন্ত ২,৮৪,০০০ জন কর্মী বিদেশে গিয়েছেন যা গত বছরের একই সময়ের চেয়ে ২৬% বেশি। সাধারণত দেখা গেছে যে সাম্প্রতিক বছরগুলিতে প্রতি মাসে প্রায় ৬০,০০০ কর্মী বিদেশে নিযুক্ত হন।

বিশ্বকে কীভাবে বদলে দিয়েছেন ট্রাম্প?

(প্রথম পাতার পর)

বড় নিয়মক হিসেবে দেখা গেছে। জরিপে অংশগ্রহণকারীদের মাত্র ১৫ শতাংশ বলেছেন, করোনা ভাইরাস মহামারী ভালোভাবেই মোকাবিলা করেছে যুক্তরাষ্ট্র। বিবিসির সংবাদদাতা রেবেকার সিলসের ভাষায়- ট্রাম্প জলবায়ু পরিবর্তন সম্পর্কে কী বিশ্বাস করেন তা বলা কঠিন। তিনি জলবায়ু পরিবর্তনকে একটি 'ব্যয়বহুল ছলনা' থেকে শুরু করে 'গুরুতর সংকট' বলেছেন; যা 'আমার কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ' মনে হয়েছে। ক্ষমতা গ্রহণের পরপরই তিনি প্যারিস জলবায়ু চুক্তি থেকে আমেরিকাকে সরিয়ে নিয়ে যান। যেখানে বিশ্বে চীনের পর দ্বিতীয় সর্বোচ্চ গ্রিন হাউস গ্যাসের নির্গমনকারী দেশ যুক্তরাষ্ট্র। এ কারণে গবেষকরা সতর্ক করে দিয়েছেন, ডোনাল্ড ট্রাম্প যদি আবারও নির্বাচিত হন, তা হলে বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি ঠেকানো অসম্ভব হয়ে পড়তে পারে। এদিকে যুক্তরাষ্ট্রের বেশকিছু কয়লা খনি এখনো বন্ধ রয়েছে। রাষ্ট্রীয় সমর্থনে পুনর্নবায়নযোগ্য জ্বালানি ও সস্তায় প্রাকৃতিক গ্যাস উৎপাদনের জন্য খনিগুলো বন্ধ করে দেওয়া হয়।

অভিবাসন নিয়ে ট্রাম্প কঠোর অবস্থান নেন। বিশ্বের সাত মুসলিম দেশের জন্য মার্কিন সীমানা বন্ধ করে দেন। বর্তমানে বিশ্বের অন্তত ১৩টি দেশ যুক্তরাষ্ট্রের কঠোর ভ্রমণ বিধিনিষেধের আওতায় রয়েছে। ট্রাম্পের এ সিদ্ধান্তের কারণে বিশ্বব্যাপী অভিবাসন প্রক্রিয়ায় মারাত্মক প্রভাব পড়ে। একই সঙ্গে তিনি মেক্সিকোর সীমান্তে দেয়াল তুলে দেন- এতদিনকার সহজ সীমান্ত পথকে সীমাহীন কঠিন করে তোলে।

এবার চোখ ফেরানো যাক ভুয়া সংবাদের দিকে। ২০১৭ সালের অক্টোবরে এক সাক্ষাৎকারে ডোনাল্ড ট্রাম্প ভুয়া সংবাদের ব্যাপারে কথা বলেন। যদিও প্রেসিডেন্ট ভুয়া সংবাদ টার্মটি আবিষ্কার করেননি। তার পরও এটি বলা যেতে পারে, ভুয়া সংবাদ টার্মটি জনপ্রিয় করে তুলেছেন তিনি। ২০১৬ সালের ডিসেম্বরে এ ব্যাপারে প্রথম টুইট করার পর থেকে এখন পর্যন্ত ডোনাল্ড ট্রাম্প 'ভুয়া সংবাদ' টার্মটি প্রায় ২ হাজার বার ব্যবহার করেছেন বলে সামাজিক যোগাযোগমাধ্যমের পোস্ট ও অডিও পর্যবেক্ষণকারী সাইট ফ্যাক্টবা জানিয়েছে।

ট্রাম্পের একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ বেশ আলোচিত হয়েছে। ট্রাম্প প্রশাসন বেশকিছু দেশ থেকে সেনা ফিরিয়ে নেওয়ার প্রক্রিয়া শুরু করেছে। অর্থাৎ ২০ বছর আগে বুশ প্রশাসন যে সন্ত্রাসের বিরুদ্ধে 'অন্তহীন যুদ্ধ' শুরু করেছিল, সেই যুদ্ধই ট্রাম্প প্রশাসন ইতি টানতে চাইছে। তার অংশ হিসেবে আফগানিস্তান থেকে সব সেনা প্রত্যাহারের ঘোষণা দিয়েছেন তিনি।

ব্যবসার ক্ষেত্রে ট্রাম্প নিজস্ব গতিতে চলেছেন। হোয়াইট হাউসে আসার প্রথম দিন প্রেসিডেন্ট বারাক ওবামার আমলে স্বাক্ষরিত ১২ দেশের বাণিজ্য চুক্তি ট্রান্স-প্যাসিফিক পার্টনারশিপকে ভয়াবহ উল্লেখ করে তা বাতিল করেন। এ চুক্তি থেকে যুক্তরাষ্ট্রের বেরিয়ে যাওয়ায় লাভবান হয় চীন। কানাডা ও মেক্সিকোর সঙ্গে যুক্তরাষ্ট্রের স্বাক্ষরিত নর্থ আমেরিকান ফ্রি ট্রেড অ্যাগ্রিমেন্টের ব্যাপারেও নতুন করে আলোচনা করেন ট্রাম্প।

২০১৬ সালে ক্ষমতায় এসেই তাইওয়ানের প্রেসিডেন্টের সঙ্গে সরাসরি কথা বলেন ট্রাম্প। এটি যে চীনকে সরাসরি হুমকি তা বলাই বাহুল্য। এভাবে তিনি চীনের বিরুদ্ধে আক্রমণ শুরু করেন, যা বর্তমানে করোনা ভাইরাস পর্যন্ত বিস্তৃত হয়েছে। এ ছাড়া মধ্যপ্রাচ্যে ট্রাম্প ইরানের পারমাণবিক চুক্তি থেকে বেরিয়ে যান- যা ওই অঞ্চলে নতুন করে যুদ্ধোন্মাদনা শুরু করেছে।

যুক্তরাষ্ট্রে ১৫ বিদেশি শিক্ষার্থী গ্রেফতার

(প্রথম পাতার পর)

বাংলাদেশীসহ মোট ১৫ বিদেশি শিক্ষার্থীকে গ্রেফতার করেছে যুক্তরাষ্ট্রের ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস)। অপারেশন অপটিক্যাল ইল্যুশনের আওতায় তাদের গ্রেফতার করা হয়।

স্টুডেন্ট ওয়ার্ক ভিসা দিয়ে 'প্রতারণা' করে যুক্তরাষ্ট্রের বসবাসের অভিযোগে বুধবার তাদের গ্রেফতার করা হয়। নিয়ম 'মানছেন না' এমন আরও ১ হাজার ১০০ বিদেশি শিক্ষার্থীকে শনাক্ত করেছে বলে জানিয়েছে আইস।

আমেরিকান গণমাধ্যমের খবরে বলা হয়েছে, অভিযুক্ত শিক্ষার্থীরা যেসব কোম্পানির হয়ে কমব্রত থাকার দাবি করেছিলেন তারা বর্তমানে সেসব কোম্পানিতে আর বহাল নেই। আইস ডিরেক্টর টনি ফ্যাম এ ব্যাপারে হুঁশিয়ারি দিয়েছেন। তিনি বলেছেন, অনাভিবাসী যেকোনো শিক্ষার্থী যদি শর্ত না মানে বা নিয়ম লঙ্ঘন করে তাদের গ্রেফতার করা হবে। এমনকি যুক্তরাষ্ট্র থেকে বহিষ্কার করা হবে।

আইস ডিরেক্টর টনি ফ্যাম আরও বলেছেন, নিয়ম না মানা অভিবাসীদের সন্ধানে জানুয়ারি থেকে তদন্ত শুরু হয়, যার নাম দেয়া হয়েছে অপারেশন অপটিক্যাল ইল্যুশন। এটি সবে শুরু হল। আমরা আরও কঠিন সিদ্ধান্তে যাব। বুধবার গ্রেফতার হওয়া শিক্ষার্থীদের মধ্যে ১১ জন ভারতীয়, দুজন লিবিয়ান। বাকি দুজনের বাড়ি সেনেগাল এবং বাংলাদেশে। এর আগে মঙ্গলবার যুক্তরাষ্ট্রের নিউ-ইয়র্ক শহরকে অবৈধ অভিবাসীদের অভয়ারণ্য হিসেবে চিহ্নিত করেছেন মার্কিন ইমিগ্রেশন এবং শুল্ক প্রয়োগকারী (আইসিই) কর্মকর্তারা।

যে কারণে শহরটিতে ঝটিকা অভিযান চালানো হয়। সেখান থেকে মঙ্গলবার ৫৪ অবৈধ অভিবাসীকে গ্রেফতার করা হয়। যাদের বিরুদ্ধে শিশু নির্যাতন-ধর্ষণ, মাদক ব্যবসার মতো বড় কিছু অভিযোগ রয়েছে।

গ্রেফতার হওয়া অভিবাসীরা- চীন, ডোমিনিকান রিপাবলিক, ইকুয়েডর, এল সালভাডর, গুয়াতেমালা, গ্রনাডা, গায়ানা, হন্ডুরাস, আয়ারল্যান্ড, জামাইকা, মেক্সিকো, মোলেদাভা, মোজাম্বিক, পাকিস্তান, পানামা, পেরু এবং সেন্ট লুসিয়ার নাগরিক। তাদের বিরুদ্ধে হামলা, শিশুর যৌন নির্যাতন, ধর্ষণ, ভারি আগ্নেয়াস্ত্রের ব্যবহার, চুরি, সম্পত্তি দখল, মাদক ব্যবসা, মাদক সেবনের পর গাড়ি চালানো, ডাকাতি এবং গ্র্যান্ড লারসিনির মতো অভিযোগ রয়েছে।

নিউইয়র্ক সিটির বিভিন্ন এলাকায় অভিযান চালানো হয়। এ ছাড়া নাসাও, সাফলক, ডাচেস, আলস্টার এবং ওয়েস্টচেস্টারের প্রতিবেশী কাউন্টিগুলোতে গ্রেফতার অভিযান চলে।

বাইডেনকে প্রভাবশালী গণমাধ্যমের সমর্থন

(প্রথম পাতার পর)

দোদুল্যমান রাজ্যগুলোতে ব্যস্ত সময় পার করছেন। সর্বশেষ দি গর্ডিয়ান পরিচালিত জরিপে ২৭টি কলেজিয়েট ভোটের প্রেসিডেন্ট ট্রাম্পের নিজ রাজ্য ফ্লোরিডাতেই জো বাইডেন ৩.২ পয়েন্ট ব্যবধানে এগিয়ে আছেন। এছাড়া তিনি ২০টি কলেজিয়েট ভোটের পেনসিলভিনিয়ায় ৫.৯ পয়েন্ট; ১৬ কলেজিয়েট ভোটের মিশিগানে ৭.৯ পয়েন্ট; ১৫ কলেজিয়েট ভোটের নর্থ ক্যারোলিনায় ৩.১ পয়েন্ট; ১১ কলেজিয়েট ভোটের অ্যারিজোনায় ২.৬ পয়েন্ট এবং ১০ কলেজিয়েট ভোটের উইসকনসিনে ৬.১ পয়েন্ট ব্যাবধানে এগিয়ে রয়েছেন।

প্রভাবশালী পত্রিকা পলিটিকোর প্রতিবেদন অনুযায়ী, বাইডেন ১৬ কলেজিয়েট ভোটের জর্জিয়ায় ১ পয়েন্ট, ১০ কলেজিয়েট ভোটের মেনিসোটায় ৮ পয়েন্ট, ৬ কলেজিয়েট ভোটের নেভাদায় ৬.৫ পয়েন্ট এবং ৪ কলেজিয়েট ভোটের নিউ হ্যাম্পশেয়ারে ১১ পয়েন্ট ব্যবধানে এগিয়ে আছেন।

তবে পত্রিকাটির প্রতিবেদন অনুযায়ী, প্রেসিডেন্ট ট্রাম্প ৩৮ কলেজিয়েট ভোটের টেক্সাসে ০.৬ পয়েন্ট ব্যবধানে এগিয়ে রয়েছেন। এছাড়াও প্রেসিডেন্ট ট্রাম্প ৬ কলেজিয়েট ভোটের আইওয়া এবং ১৮ কলেজিয়েট ভোটের ওহায়োতে ১.৯ পয়েন্টের ব্যবধানে এগিয়ে আছেন।

এসব দোদুল্যমান রাজ্যের ভোটাররাই নির্বাচনের প্রধান নিয়ামক বলে ধরে নেয়া হয়। মোট ৫৩৮টি কলেজিয়েট ভোটের মধ্যে ২৭০টি ভোট পেয়ে বিজয়ী হতে হবে। সিএনএন পরিচালিত জরিপে জো বাইডেন প্রেসিডেন্ট ট্রাম্পের চেয়ে ৯ পয়েন্ট ব্যবধানে এগিয়ে রয়েছেন।

প্রচার-প্রচারণায় প্রার্থী-কর্মীদের পাশাপাশি ভেমোক্রেট দলের সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা ও প্রাক্তন দুই পররাষ্ট্র মন্ত্রী মেডেলিন অল্ব্রাইট ও হিলারী ক্লিন্টন নির্বাচনী তহবিলে অর্থদানের পাশাপাশি ভার্চুয়াল ইভেন্টেও নিয়মিত অংশ নিচ্ছেন।

এবারের নির্বাচনে ইউএসএ টুডে, দি নিউ ইয়র্ক টাইমস, লস এঞ্জেলেস টাইমস, দি ওয়াশিংটন পোস্ট, দি বোস্টন গ্লোব, দি ওয়াল স্ট্রীট জার্নাল- এর মত প্রভাবশালী পত্রিকাগুলো সরাসরি জো বাইডেনকেই সমর্থন করছে। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সমালোচনা করে দি নিউ-ইয়র্ক টাইমস তাদের গত রবিবাসরীয় পর্যালোচনায় ১০ পৃষ্টার বিশেষ সংখ্যা বের করেছে। পত্রিকাটির সম্পাদনা পরিষদ মিথ্যা, ক্রোধ, দুর্নীতি, অযোগ্যতা, বিশৃঙ্খলা আর অবক্ষয় শব্দ ব্যবহার করে জাতীয় সংকট অবসানের আহবান জানিয়েছে। 'হোয়াইট হাউজের জন্য অযোগ্য ব্যক্তি' শিরোনামে পরিষদ বলেছে ডোনাল্ড ট্রাম্প নিজেই জাতীর জন্য গুরুতর সমস্যা বিধায় জাতীয় গুরুত্বপূর্ণ সমস্যাগুলো সমাধান করা তার পক্ষে সম্ভব নয়। সম্পাদনা পরিষদ বৈশ্বিক জলবায়ু পরিবর্তন, অভিবাসন, স্বাস্থ্যসেবা, মজুরি, ট্যাক্স, কূটনীতিসহ বিভিন্ন ইস্যুগুলোতে প্রেসিডেন্ট ট্রাম্পের গৃহীত পদক্ষেপের সমালোচনা করেছে। এছাড়া ওই বিশেষ সংখ্যায় বিভিন্ন গণমাধ্যমের সূত্র উল্লেখ করে প্রেসিডেন্ট ট্রাম্প সম্পর্কে তারই সাবেক পররাষ্ট্র মন্ত্রী, প্রতিরক্ষা সচিব, আইনজীবী, চীফ অব স্টাফ আর আত্মীয়ের মত ঘনিষ্ট ব্যক্তিদের নেতিবাচক মন্তব্যও তুলে ধরা হয়েছে।

১৯৮২ সালে প্রতিষ্ঠার পর থেকে এ যাবৎ দেশের সর্বাধিক প্রচার সংখ্যার জাতীয় দৈনিক ইউএসএ টুডে কোন প্রেসিডেন্ট নির্বাচনে কোন দলের পক্ষ নেয়নি। পত্রিকাটির সম্পাদকীয় পরিষদ সর্বসম্মতিক্রমে এই প্রথমবারের মত মানসিকভাবে, জ্ঞানে, সুস্থিরতায়, পরিপক্কতায় এবং ন্যায়পরায়নতায় বারবার ঘাটতির প্রমাণ দেয়ায় প্রেসিডেন্ট ট্রাম্পকে এই পদের জন্য অযোগ্য বলে গণ্য করেছে। পরিষদ মনে করে যুক্তরাষ্ট্রের জনগণ দেশের প্রেসিডেন্টের কাছ থেকে এসব গুণাবলী প্রত্যাশা করে; যার ঘাটতি প্রেসিডেন্ট ট্রাম্পের রয়েছে। সে কারণে পত্রিকাটি তার অগনিত পাঠকদের ট্রাম্পকে ভোট না দেয়ার আহবান জানিয়েছে।

দি ওয়াশিংটন পোস্ট গত রোববার তাদের ১০ পৃষ্ঠার বিশেষ সংখ্যায় 'প্রেসিডেন্ট ট্রাম্পকে দায়ী করা না হলে তার প্রেসিডেন্সী থেকে দেশকে পুনরুদ্ধার করা যাবেনা' বলে প্রথম শিরোনাম করে। এই সংখ্যায় যেসব অপরাধে তাকে অভিযুক্ত করা যেতে পারে এবং ২০২ সপ্তাহে তিনি যেসব আদর্শ ভেঙ্গেছেন তার তালিকাও দেয়া হয়।

এবারের নির্বাচন বাংলাদেশি কমিউনিটি বেশ উৎসাহী বলে কমিউনিটির নেতারা মনে করছেন। তারা নিয়মিত কমিনিটির ভোটারদের ভোটদানে উৎসাহিত করছেন। মধ্যে অনেকেই আগাম বা মেইল ভোট প্রদান করেছে এবং অনেক ভোটার আগামী ৩ নভেম্বর ভোটদানের জন্য অধীর অপেক্ষায় রয়েছেন। উলেখ্য ইতোমধ্যে প্রায় পাঁচ কোটি ভোটার আগাম ও মেইল ভোট প্রদান সম্পন্ন করেছেন। যুক্তরাষ্ট্রের রাজনীতি বিশেষজ্ঞ নিউ জার্সির রাজ্যের প্লেইন্সব্যুরো টাউনশিপের নির্বাচিত কাউন্সিলম্যান ড. নুরুন্নবী বলেন, জো বাইডেন নির্বাচিত হলে যুক্তরাষ্ট্রের মূল্যবোধ পুনরুদ্ধারের পাশাপাশি সম-অধিকার প্রতিষ্ঠা হবে। আর বর্ণবাদে বিশ্বাসী প্রেসিডেন্ট ট্রাম্প পুনর্নির্বাচিত হলে প্রবাসীদের দ্বিতীয় শ্রেণির নাগরিক হিসেবে বসবাস করতে হবে। ড. নুরুন্নবী মনে করেন, প্রেসিডেন্ট ট্রাম্প দেশের ইমেজের যে ক্ষতি করেছেন তা পুনরুদ্ধারে বহু বছর লেগে যাবে।

বাসা ভাড়া

এস্টোরিয়া পার্ক সংলগ্ন ২১ স্ট্রীট-এস্টোরিয়া বুলেভার্ডে ২ বেড রুমের বড় এপার্টমেন্ট বাসা ভাড়া হবে। ২য় তলায়।

যোগাযোগঃ মিঃ চৌধুরী
৯১৭-৬৫৮-৫৫৮৪

বাসা ভাড়া

সাউথ জ্যামাইকায় ২ বেডরুম, ২ ফুল বাথরুম, লিভিং রুম এবং কিচেন-এর প্রাইভেট বাসা (দুই ব্যালকনি সহ) ভাড়া হবে। বিদ্যু গ্যাস বিল পৃথক। ভাড়া ২০০০ ডলার। যোগাযোগ: ইশতিয়াক। ফোন: ৭১৮-৫৬৯-২৩০০
অ-২৬/ন-০২/০৯/১৬

ব্যবসা বিক্রয়

ক্যাপিটাল ডিষ্ট্রিক্ট আলবেনীর ক্রসগেট মল-এ চালু অবস্থায় কনভিনিয়েন্ট স্টোর বিক্রয় হবে। আগ্রহী ক্রেতাগণ যোগাযোগ করুন। যোগাযোগ: মাসুদুর রহমান।

ফোন: ৫১৮-৫৩৩-৮৫৩২
অ-২৬/ন-০২

স্টুডিও রুম ভাড়া

নিউইয়র্কের রোজডেলে জেএফকে এয়ারপোর্টের কাছে) একটি বড় স্টুডিও রুম (ফুল বাথ, ইট এন্ড কিচেন সাথে) ভাড়া হবে। ভাড়া প্রতি মাস ১৩০০ ডলার।

যোগাযোগ: ৯১৭-৭৪৯-৪১৪৩
অ-২৬/ন-০২

বাড়ী ভাড়া

এলমহার্স্টের ৪৪ স্ট্রীট ও ৪০ রোডে তিন বেডরুমের বাসা ভাড়া হবে। সাবওয়ে, মার্কেট, হসপিাতাল, কাছাকাছি। ভাড়া ২২৫০ ডলার (হিট ও বিদ্যুৎ সহ)। যোগাযোগ: ৯১৭-৭৪৯-৪১৪৩
অ-২৬/ন-০২

বাসা ভাড়া

রিচমন্ড হিলের হিলসাইড এভিনিউ এবং সাবওয়ে/বাস স্টপেজ কাছে (ই, জে, জি ট্রেন এবং কিউ ১০ বাস কিউ ৫৬ বাস) সুপরিসর একটি এক বেড রুমের বাসা ভাড়া হবে।

যোগাযোগ: ৬৪৬-৫০৮-২৬১০
অ-২৬/ন-০২

হাউজ কিপিং জব

হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। বেতন আলোচনা সাপেক্ষ। যোগাযোগ: গডফ্রে রোজারিও (অবসরপ্রাপ্ত অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)। ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯

রুম ভাড়া

এলমার্স্ট-এর রুজভেল্ড এভিনিউতে ৮২ স্ট্রীট সাবওয়ে থেকে এক ব্লকের মধ্যে একটি রুম ছোট পরিবারের কাছে ভাড়া দেওয়া হবে।

যোগাযোগ: ৯১৭-৯১২-৭৬৪
অ-১৯/২৬

পাত্র চাই

নিউইয়র্কে পিতা-মাতার সাথে বসবাসকারী আমেরিকান সিটিজেন পাত্রীর জন্য ২৩ বছর ৯ মাস বয়স যোগ্য নামাজী পাত্র চাই। পাত্রী দি সিটি কলেজ অব নিউইয়র্ক ব্যাচেলর অব সাইন্স, চাইল্ডহুড এডুকেশন এবং ব্যাচেলর অব আর্টস, সাইকোলজী এবং মাস্টার্স অধ্যয়নরত। বর্তমানে কর্মরত (শিক্ষিকা ব্রঙ্কস)।

যোগাযোগ: ৩৪৭-২৬১-৪৭৩৯ (সেল) অথবা ৭১৮-৮২৪-২৯৪৯ (বাসা) অ-২৬/ন-০২

বেসমেন্ট ভাড়া

ব্রুকলীনের ডীটম্যান ও ইষ্ট ফাইভে একটি বেসমেন্ট ভাড়া হবে।

যোগাযোগ: ৯১৭-৩৪০-৭১৮৭
অ-১৯

জমি বিক্রি

চট্টগ্রামের হালিশহর হাউজিং এস্টেটের বি ব্লকে থানা বিডিআর মাঠের সাথে সোয়া তিন গন্ডা জমি বিক্রি হবে। প্রতি গন্ডা জমির দাম ৩৬ লাখ টাকা। যোগাযোগ: শেখ শাহাদত আলী।

ফোন: ৩৪৭-৯৪৪-৪১৮১
অ-১৯/২৬/ন-৭/১৪

বাসা ভাড়া

এস্টেরিয়ার ২৩-০২ ৩০ ড্রাইভ-এ সেকেন্ড ফ্লোরে তিন বেডরুম, দুই বাথরুম, ডাইনিং, লিভিং রুম ১৫০০ স্কয়ার ফুট ১ নভেম্বর থেকে ভাড়া হবে। ভাড়া ৩০০০ ডলার। যোগাযোগ: নাজমুল। ফোন: ৯১৭-২৯৯-৯৪৭৮
অ-১৯/২৬

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকায় ইয়র্ক কলেজের কাছে ১৬০ ষ্ট্রীট ও ১১০ এভিনিউতে শুধুমাত্র সিঙ্গেল মহিলার কাছে বেসমেন্ট একটি রুম ভাড়া হবে। যোগাযোগ: শাফী।

ফোন: ৯১৭-৬২৩-৭২৪৫
অ-১২/১৯/২৬

রুম ভাড়া

কুইন্সের ওজনপার্কের ৯৫ এভিনিউ এবং ৮৭ ষ্ট্রীট-এ এ/জে ট্রেন সাবওয়ে থেকে ৫/৬ ব্লক দূরত্বে একটি প্রাইভেট হাউজের ১টি মাষ্টার বেড রুম (আলাদা বাথরুম, আলাদা ফ্রীজ)- মুসলিম স্বামী-স্ত্রী, মা-মেয়ে, অথবা ২জন কর্মজীবি মহিলার কাছে ভাড়া দেয়া হবে। যোগাযোগ: ৬৪৬-৬৮৪-৫৯৬৬
অ-১২/১৯/২৬

বাসা ভাড়া

জ্যামাইকার ১৭৯ প্লেসে (হিলসাইড এভিনিউ ও জ্যামাইকা এভিনিউর মাঝে) দুই বেড রুম, লিভিং, কিচেন ও বাথরুম-এর বাসা (সেকেন্ড ফ্লোর) ছোট পরিবার অথবা ব্যাচেললের কাছে ভাড়া দেওয়া হবে। এফ ট্রেন সাবওয়ে কাছে।

যোগাযোগ: ৩৪৭-৮৫৭-৫৯২৭
অ-১২/১৯

এক বেডরুমের বাসা ভাড়া

ইষ্ট এলমহার্স্টের নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ এবং ৩২ এভিনিউর মাঝে ৮১ ষ্ট্রীটের উপর দ্বিতীয় তলায় একটি এক বেডরুমের বাসা ভাড়া হবে। যোগাযোগ: ৯১৭-৩০১-২০৬৩
সে-২১/২৮

বাসা ভাড়া

মনোরম পরিবেশে জ্যামাইকার ১০৬-৪১ ওয়াল্টহাম স্ট্রীট, নিউ-ইয়র্ক-১১৪৩৫ ঠিকানায় দ্বিতীয় তলা, দুই বেডরুম, দুই ফুল বাথ, লিভিং রুম, কিচেন সহ বাসা ভাড়া হবে। ই, এফ, জে, লং আইল্যান্ড রেল, জেএফকে এয়ার ট্রেন সাবওয়ে ৫/৬ মিনিটের হাঁটা দূরত্বে এবং কিউ৬, কিউ৪০, কিউ৬০, কিউ১১২ বাস এক ব্লকের মধ্যে। যোগাযোগ: ৩৪৭-৫৯৩-৬৪৯২- অথবা ৯২৯-২৩১-৫১০০
অ-০৫/১২

বেসমেন্ট ভাড়া

জ্যাকসন হাইটসের ৮১ ষ্ট্রীট ও ২৫ এভিনিউতে এক বেডরুমের বেসমেন্ট ভাড়া হবে। যোগাযোগ: ৯১৭-৪৭৮-৭১৩১ অথবা ৭১৮-২০৫-০৪৫৪
সে-২৮/অ-০৫

রুম ভাড়া

জ্যামাইকায় নিরিবিলি চমৎকার পরিবেশে মুসলিম ফ্যামিলীর সাথে থাকার জন্য একজন অধুমপায়ী ছাত্রের কাছে ফার্নিসড রুম (ইউ-টিলিটি সহ) ভাড়া দেওয়া হবে। বাসা জ্যামাইকা এস্টেটে, তিন তলা ফ্ল্যাটের একটি সম্পূর্ণ পৃথক রুম। এক ব্লকের মধ্যে এফ ট্রেন সাবওয়ে এবং অন্তত ৫টি বাস স্টপ। ভাড়া আলোচনা সাপেক্ষ।

যোগাযোগ: ৩৪৭-৮৫৮-৪২৯০
সে-২১/২৮

বেসমেন্ট ভাড়া

কুইন্স ভিলেজে এক বেডরুমের সেমি বেসমেন্ট ভাড়া হবে। লিভিং কাম কিচেন, ফুল বাথ শুধুমাত্র স্বামী-স্ত্রী অগ্রাধিকার, ধুমপান নিষেধ। ভাড়া ১,১০০ ইউএস ডলার।

যোগাযোগ: ৭১৮-৫৪১-৬১২৬
সে-২১/২৮

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকার ১৭৯ ষ্ট্রীট এফ ট্রেন সাবওয়ের কাছে এক বেডরুমের বাসা ভাড়া হবে। স্বামী-স্ত্রী অগ্রাধিকার।

ফোন: ৩৪৭-২৩৫-৯৩৭০
সে-২১/২৮

হিলসাইড এভিনিউতে বাসা ভাড়া

অক্টোবর থেকে হিলসাইড এভিনিউতে কারওয়ান সংলগ্ন সাবওয়ের সঙ্গে নতুন রেনোভেশন করা ৩ বেডরুম ও ২ বাথরুমের বাসা ভাড়া হবে।

যোগাযোগ: ৯২৯-৪৫০-১৭৮৬ অথবা ৯১৭-২৮৫-৫৩৭০ অথবা ৩৪৭-৭২০-৬৭২৮
সে-১৪/২১

একবেড রুমের বাসা ভাড়া

ইস্ট এলমহার্স্ট এর নর্দান ব্লবার্ড এলাকায় ৩১ এবং ৩২ এভিনিউ এর মাঝে ৮১ স্ট্রিট এর উপরে দুই তলায় একটি এক বেডরুম এর বাসা দেওয়া হবে।

যোগাযোগ: ৯১৭-৩০১-২০৬৩

রুমমেট আবশ্যক

ইস্ট এলহার্স্টের ৮৪ স্ট্রীট ও ৩০ এভিনিউতে একটি বেসমেন্টের জন্য রুমমেট আবশ্যক। যোগাযোগ: ৯১৭-৪৭৮-৭১৩১
সে-১৪/২১

বেসমেন্ট ভাড়া

নিরিবিলি পরিবেশে কুইন্স ভিলেজে ১১১-১৫, ২০১২ স্ট্রীট, কিউ-২, কিউ-৮৩ বাস এর অতি সন্নিকটে প্রাইভেট হাউজের বেসমেন্ট ভাড়া হবে। ভাড়া সবকিছুসহ ১২০০ ডলার।

যোগাযোগঃ ৩৪৭-৭৪৪-৭৩৩৯।
অ-২৬/২

পাত্র চাই

নিউইয়র্কে পিতামাতার সাথে বসবাসকারী আমেরিকান সিটিজেন পাত্রীর জন্য ৩২+ বয়স যোগ্য পাত্র চাই। পাত্রী কিউনি থেকে ব্যাচেলর (বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ার) এবং পেন ইউনিভার্সিটি থেকে মাস্টার্স ডিগ্রিধারী (বায়োমেডিক্যাল ইঞ্জি-নয়ার)। বর্তমানে কর্মরত। যোগাযোগ: ৬৪৬-৫৯১-৪৬৯৬ (সেল) অথবা ৭১৮-৯৩১-২৫০৯ (বাসা)।

e-mail:
moondhs@gmail.com
সে-১৪/২১/২৮/অ-৫

সেমিবেসমেন্ট ভাড়া

ব্রঙ্কসের ক্যাসেল হীল এবং ক্রুনবল এলাকায় এক বেডরুম, লিভিং রুম, ডাইনিং, কিচেন, ফুল বাথ সহ সেমি বেসমেন্ট ভাড়া হবে। ইউটিলিটি ভাড়ার সাথে সম্পৃক্ত। যাতায়াতের জন্য পৃথক এনট্রেন্স। যোগাযোগ অপু। **ফোন: ৯১৭-২৯১-৮০৯৫ অথবা ৯১৭-২৯১-৩২৭২** সে-

সিকিউরিটি ক্যামেরা

আপনার বাসা, অফিস বা কর্মস্থল সিকিউরিটি ক্যামেরা লাগিয়ে নিরাপদ করুন।

ঘরে-বাইরে, কাছে-দূরে যেখানেই থাকুন আপনার সম্পদ ফোনের পর্দায় দেখুন।

আমরা সবচেয়ে কম খরচে অল্প সময়ে সিকিরিটি ক্যামেরা লাগাই। আজই যোগাযোগ করুন।

ফোন : 917-455-5308
ইমেইল: techlifeusa@gmail.com
Tech Life USA : 179-51 Hillside AV, Jamaica, NY-11432

কাজী অফিস

(সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত)

কাজী মোঃ বেলাল হোসেন

ইউএস এয়ারফোর্সের অধীনে কুয়েতস্থ আমেরিকান এ্যাম্বাসির প্রাক্তন দোভাষী অফিসার
বর্তমান ইমাম : বাইতুন নূর মসজিদ, ওজপনপার্ক।

ইসলামী শরীয়ত অনুযায়ী বিবাহ পড়ানো এবং নিউইয়র্ক সিটির ল' মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়। ইংরেজী, আরবী এবং বাংলায় বিবাহ অনুষ্ঠান পরিচালনা করা হয়। সপ্তাহে ৭ দিন খোলা। নিউইয়র্ক সিটির প্রতিটি এলাকায় সেবা প্রদান করা হয়।

যোগাযোগ: 201-839-7579
৮৮-১৯ লিবার্টি এভিনিউ, ওজনপার্ক, নিউইয়র্ক-১১৪১৭

বাসা ভাড়া

বাংলাদেশী অধ্যুষিত এস্টোরিয়ায় (৩৩-০৯, ৩১ এভিনিউ এবং ৩০-৫২, ৩৪ ষ্ট্রীট) এর দুটি এপার্টমেন্ট বিল্ডিংয়ে ১বেড রুম (ভাড়া: ১৭০০ ডলার), দুই বেড রুম (ভাড়া: ২২০০ ডলার) এর বেশ কয়েকটি এপার্টমেন্ট ভাড়া হবে।

যোগাযোগ: হাবিব রহমান
লাইসেন্সড রিয়েল এস্টেট সেলস পার্সন
পার্কচেস্টার ব্রঙ্কস রিয়েলিটি
ফোন: ৩৪৭ ২৮০ ৭২৬৯ (সেল)
৭১৮-৫১৪-৯০৩০ (অফিস)

পাত্র চাই

কলেজ শিক্ষক বাবা মা'র একমাত্র কন্যা, সদ্য মাস্টার্স সমাপ্ত, ইউএস সিটিজেন, হিজাবি পাত্রীর জন্য (বয়স- ২৬ বছর ২মাস), আমেরিকান গ্রীনকার্ডধারী অথবা সিটিজেন পাত্র আবশ্যক।

যোগাযোগ: ৩৪৭-২৮০-৭২৬৯

আবশ্যক

নিউইয়র্কের একটি মিডিয়া হাউজে বিজ্ঞাপন/মার্কেটিং বিভাগে কাজ করার জন্য পুরুষ/মহিলা আবশ্যক। আগ্রহী প্রার্থীরা যোগাযোগ করুন।

যোগাযোগ: ৭১৮-৪৮২-৯৯২৩

بسم الله الرحمن الرحيم

পাত্র চাই

New York- এ পিতা-মাতার সঙ্গে বসবাস করেন। (U.S.A. Citizen) পাত্রী Bachelor in Biomedical Engineer, From City College, CUNY, and Master in Biomedical Engineer, From Penn Univercity, Philadelphia বর্তমানে পেশাগত কাজে কর্মরত। পাত্রীর জন্য ৩২+ বয়সের যোগ্য পাত্র যোগাযোগ করুন।

Mobile Tel. No 646-591-4696
Res: 718-931-2509
e-mail: moondhs@gmail.com

প্রবাসের ক্রেতারা কি বাংলাদেশী ব্যবসায়ীদের হাতে জিম্মি!

বাংলা পত্রিকা রিপোর্ট: গত সপ্তাহ থেকে কিছু ব্যতিক্রমী ছাড়া সর্বত্র পলিথিন ব্যাগের ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে। এতে সাধারণ দোকানদারদের হয়েছে পোয়াবারো। বাংলাদেশী গ্রোসারীগুলো প্রতিটি ব্যাগের জন্য ক্রেতাদের থেকে দাম চার্জ করছে এলাকা ভেদে .১৫ পেনি থেকে .২৭ পেনি।



স্টাপল, জেসি পেনি, মেসি'স একটা হেভি ব্যাগের জন্য চার্য করছে ০.৫ পেনি। সেখানে বাংলাদেশী গ্রোসারী শপ গুলিগড়ে প্রতিব্যাগে .২৫ পেনি অতিরিক্ত বলেই মনে করছেন সাধারণ ক্রেতারা। তাদের অভিযোগ তারা অনেক দোকানে বছরের পর বছর বাজার করে আসছেন। কিন্তু তারা এখন তাদের ক্রেতাদের জন্য ৫টা পেনিও ব্যয় করতে চাইছেন না। উপরন্তু এই ব্যাগ বিক্রি করেও তারা মুনাফা করছেন যা খুবই দু:খজনক।

জনগনের দুর্দশা লাঘবের জন্য এলাকা ভিত্তিক বনিক কমিটি, সামাজিক সাংস্কৃতিক সংগঠন বা বাংলাদেশ সোসাইটিকে এব্যাপারে প্রয়োজনীয় ভূমিকা রাখার দাবী জানিয়েছেন তারা।

রোববার ঘড়ির কাঁটা ১ ঘন্টা পিছিয়ে নিন

(প্রথম পাতার পর)লাগাতে যুক্তরাষ্ট্রের অধিকাংশ এলাকার ঘড়ির কাঁটা ৮ মার্চ রোববার ভোর রাত ২টার সময় এক ঘন্টা এগিয়ে যায় অর্থাৎ ৩টা বাজাতে হয়। তখন থেকে শুরু হয় 'ডে লাইট সেভিংস টাইম এবং শেষ হয় নভেম্বরের প্রথম রোববার। সেই হিসাবে আগামীকাল ১ নভেম্বর রোববার ভোর রাত ২টার সময় ঘড়ির কাঁটা এক ঘন্টা পিছিয়ে ১টায় নিয়ে আসতে হবে।

উল্লেখ্য বহুল আলোচিত 'সূর্যালোক সংরক্ষণ' বা ডে লাইট সেভিং সিস্টেমের অংশ হিসেবে দেশটিতে প্রতি বছরই শীতকালে ঘড়ির কাঁটা এক ঘন্টা পেছনের দিকে ফেরানো হয়। আবার গ্রীষ্মের শুরুতে এই সময় সীমা এক ঘন্টা এগিয়ে এনে মেলানো হয় স্বাভাবিক সময়সূচির সঙ্গে। নিয়ম অনুযায়ী আগামী বসন্তের শুরুতে ২০১৭ সালের ৫ মার্চ আবারও সামনের দিকে এগিয়ে আনা হবে এই কাঁটা। তখন নিজেদের ঘড়ির সঙ্গে পুনরায় এক ঘন্টা সময় যোগ করে নিতে হবে আমেরিকানদের।

যুক্তরাষ্ট্রের সর্বত্রই এ পদ্ধতি মেনে চলা হলেও নাভাজো ইন্ডিয়ান আদিবাসীদের জন্য সংরক্ষিত অঞ্চল ছাড়া অ্যারিজোনা রাজ্য এবং হাওয়াই দ্বীপপুঞ্জ এ পদ্ধতির তোয়াক্কা না করে চলে স্বাভাবিক সময় সূচি মেনে। এদিকে ডে লাইট সেভিংসের ফলে ৬ নভেম্বর সকালে অন্যান্য দিনের থেকে এক ঘণ্টা বেশি সময় ঘুমানোর সুযোগ পাচ্ছেন আমেরিকানরা। রোববার প্রথম প্রহর রাত দু'টোর সময় জনগণকে ঘড়ির কাঁটা এক ঘণ্টা পিছিয়ে নিতে বলেছে আমেরিকান কর্তৃপক্ষ।

'গ্রীষ্মে এগোনো এবং শীতে পেছানো' মূলত এই নীতির ওপর ভিত্তি করেই ঘড়ির কাঁটা সামনের দিকে এগিয়ে বা পিছিয়ে নেওয়া হয় যুক্তরাষ্ট্রে। 'ডে লাইট সেভিং টাইম' পদ্ধতি যুক্তরাষ্ট্রে প্রথম বলবৎ হয় প্রথম বিশ্বযুদ্ধ চলাকালীন সময়ে। সূর্যের আলোর সুবিধাকে কাজে লাগিয়ে জ্বালানি সাশ্রয় করার জামান উদ্যোগের দেখাদেখি যুক্তরাষ্ট্রও এটি চালু করেন তৎকালীন কর্তাব্যক্তিরা।

তবে শুধু যুক্তরাষ্ট্রেই নয় বিশ্বের আরও অনেক দেশেই সূর্যের আলোর সুবিধাকে কাজে লাগানোর জন্য একই পদ্ধতি কার্যকর আছে বিভিন্ন নামে। গত সপ্তাহে 'ডে টাইম সেভিং লাইট' পদ্ধতি স্থগিত করে আবারও আগের সময়সূচিতে ফেরত গেছে ইউরোপ। ইউরোপে অবশ্য এ পদ্ধতিকে অভিহিত করা হয় 'সামার টাইম' নামে। তবে সমালোচকদের মতে এ পদ্ধতি কাজের কাজ কিছু না করে শুধু শুধু ঝামেলা বাড়ায়। আসলে খুব একটা জ্বালানি সাশ্রয় সম্ভব হয় না বলেই অভিমত তাদের। পাশাপাশি সাধারণ মার্কিনীরাও কিন্তু খুব একটা প্রসন্ন নয় এ পদ্ধতির ওপর। এক জরিপ অনুযায়ী ৪৭ শতাংশ আমেরিকানই মনে করে এ পদ্ধতি খুব একটা কাজে লাগে না।

ঢাকায় যুক্তরাষ্ট্রের তৎপরতা

(প্রথম পাতার পর

)বাংলাদেশকেও টানার চেষ্টা করছে।

গত শুক্রবার চীনের গ্লোবাল টাইমস পত্রিকাকে দেওয়া এক সাক্ষাৎকারে চীনের রাষ্ট্রদূত ওই অভিযোগ করেন। গ্লোবাল টাইমস গত শনিবার সেই সাক্ষাৎকার প্রকাশ করেছে। চীনের রাষ্ট্রদূতের দাবি, দেশটির দ্রুত ও শান্তিপূর্ণ অগ্রগতি যুক্তরাষ্ট্র মেনে নিতে পারছে না। তিনি যুক্তরাষ্ট্রকে শীতল যুদ্ধকালীন মানসিকতা থেকে বেরিয়ে আসার আহ্বান জানান।

গ্লোবাল টাইমসের প্রতিবেদনে বলা হয়েছে, বাংলাদেশে চীনের রাষ্ট্রদূত এমন এক সময় ওই অভিযোগ করেছেন যখন যুক্তরাষ্ট্র-চীন উত্তেজনা বর্তমান দশকের মধ্যে সর্বোচ্চ পর্যায়ে আছে। যুক্তরাষ্ট্র বিভিন্ন ক্ষেত্রে চীনের ওপর একের পর এক নিষেধাজ্ঞা দিচ্ছে।

রাষ্ট্রদূত লি জিমিং বলেন, 'যুক্তরাষ্ট্রের উদ্বেগের মূল কারণ হলো তারা চীনের শান্তিপূর্ণ ও দ্রুত অগগ্রতি মেনে নিতে পারে না। চীনের উন্নয়ন প্রক্রিয়ায় বাধা সৃষ্টি করতে কিছু রাজনীতিক (যুক্তরাষ্ট্রের) 'শীতল যুদ্ধের' পুনরাবৃত্তি ঘটিয়ে অন্য দেশকে চীনবিরোধী শিবিরে যোগ দিতে চাপ দিচ্ছে।'

চীনের রাষ্ট্রদূতের সাক্ষাৎকারের সূত্র ধরে গ্লোবাল টাইমসের প্রতিবেদনে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে সাম্প্রতিক যোগাযোগের উদাহরণ দেওয়া হয়েছে। গত ২৯ জুন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মাইক পম্পেও পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেনের সঙ্গে টেলিফোনে কথা বলেন। যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষামন্ত্রী মার্ক অ্যাসপার গত সেপ্টেম্বর মাসে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ফোনে কথা বলেছেন। সেখানে যুক্তরাষ্ট্র স্পষ্টভাবেই তাদের সঙ্গে বাংলাদেশকে প্রতিরক্ষা সম্পর্ক জোরদার করতে বলেছে। এ মাসের মাঝামাঝি যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের ডেপুটি সেক্রেটারি স্টিফেন বিগান বাংলাদেশ সফর করে প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ অন্যান্যের সঙ্গে 'ইন্দো-প্যাসিফিক স্ট্র্যাটেজি' নিয়ে আলোচনা করেছেন। চীনের রাষ্ট্রদূত বলেছেন, 'এসব বৈঠক থেকে অত্যন্ত স্পষ্ট যে যুক্তরাষ্ট্র তার উদ্দেশ্য হাসিল করতে অব্যাহতভাবে চেষ্টা চালিয়ে যাচ্ছে।' চীনের রাষ্ট্রদূতের এই সাক্ষাৎকার ঢাকায় কূটনৈতিক মহলেও আলোচনার জন্ম দিয়েছে। সরকারি সূত্রগুলো এ বিষয়ে আনুষ্ঠানিক কোনো মন্তব্য করতে রাজি হয়নি। তবে তারা অনানুষ্ঠানিকভাবে জানিয়েছে যে বাংলাদেশের নীতিগত অবস্থান হলো সবার সঙ্গে সুসম্পর্ক রাখা এবং কারো বিশেষ বলয়ে না যাওয়া।

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন সম্প্রতি কালের কণ্ঠকে বলেছেন, বাংলাদেশের পররাষ্ট্রনীতির মূল কথাই হলো সবার সঙ্গে বন্ধুত্ব, কারো সঙ্গে বৈরিতা নয়। বাংলাদেশের সঙ্গে সবার সুসম্পর্ক ও বন্ধুত্ব রয়েছে। ওই দেশগুলোর নিজেদের মধ্যে প্রতিযোগিতা থাকতে পারে। কিন্তু এর প্রভাব বাংলাদেশের সঙ্গে তাদের সম্পর্কে পড়েনি।

জ্যামাইকা সুপার ক্রিকেট ফাইনাল রোববার

নিউইয়র্ক (ইউএনএ): আগামী ১ নভেম্বর রোববার, বেজলী পন্ড পার্কের তিন নং মাঠে বিকেল তিনটায় জ্যামাইকা সুপার ক্রিকেট টুর্ণামেন্ট-২০২০ এর ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে। একই দিনে কোয়াটার ফাইনাল ও সেমি ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে। খেলায় মিডিয়া পার্টনার হিসেবে থাকছে টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা। ৪টি গ্রুপে মোট ১৬টি দল অংশগ্রহন করে এবং ৮টি দল কোয়াটার ফাইনালে উর্ত্তীণ হয়। খবর ইউএনএ'র।

প্রথম কোয়াটার ফাইনালে বেজলী পন্ড পার্কের ৩নং মাঠে সকাল ১০টায় লক্ষীপুর থান্ডারবোল্ড ক্রিকেট ক্লাব মোকাবেলা কিং কোবরা ক্রিকেট ক্লাবকে এবং একই মাঠে সকাল ১১টায় তৃতীয় কোয়াটার ফাইনাল খেলায় টীম ব্লাস্টার ক্রিকেট ক্লাব মোকাবেলা করবে নোয়াখালী লিজেন্ড ১ ক্রিকেট ক্লাবকে।

বেজলী পন্ড পার্কের ৪নং মাঠে সকাল ১০টায় দ্বিতীয় কোয়াটার ফাইনালে হিলসাইড ড্রীমারর্স ক্রিকেট ক্লাব মোকাবেলা করবে জে.বি.ওয়াই.এফ ক্রিকেট ক্লাবকে এবং একই মাঠে সকাল ১১টায় চতুর্থ কোয়াটার ফাইনাল খেলায় বিকেসি ক্রিকেট ক্লাব মোকাবেলা করবে এডিসন বয়েজন্ড ১ ক্রিকেট ক্লাবকে।

একই দিনের বেজলী পন্ড পার্কের ৩নং মাঠে দুপুর সাড়ে বারোটার প্রথম সেমি ফাইনাল খেলায় মুখোমুখি হবে প্রথম কোয়াটার ফাইনালে বিজয়ী বনাম তৃতীয় কোয়াটার ফাইনালে বিজয়ী এবং একই মাঠে দুপুর সাড়ে একটায় দ্বিতীয় সেমি ফাইনাল খেলায় মুখোমুখি হবে দ্বিতীয় কোয়াটার ফাইনালে বিজয়ী বনাম চতুর্থ কোয়াটার ফাইনালে বিজয়ী।

উল্লেখ্য, বৈরী আবহাওয়ার কারনে কয়েকবার খেলার তারিখ পরিবর্তন করা হয়েছে। এজন্য টুর্ণামেন্টের আয়োজকরা দু:খ প্রকাশ এবং সকলকে মাঠে এসে ফাইনাল খেলা দেখার জন্য আমন্ত্রন জানিয়েছেন।

Room for Rent

An empty beautiful furnished room with 59" tv mounted on the wall, dresser with mirror, wooden Almirah - including gas & electricity for rent as of 1st October/20; beginning, middle or end of the coming month; it's on second floor of a private three floor building on the Steinway Street in between 28-25th Avenue, right in front of Fatima Pediatric Medical Care & almost next to the Dominos Pizza. Monthly rent is **$800/00** with one month's advance security money — NO NEGOTIATIONS. If interested — Please call :

516-603-5223 or on land phone: **718-545-0706**

ask for ***Khokan, Anwaruddin.***

"House For Sale, As-is"

ON CLOSE BITS

39 Ashley St. Buffalo, NY 14212

6 Rooms, 3 Bath Rooms, Kitchen, New Re-Roof. Water, Gas & Electric is Available. **Duplex House.**

Need : 716-544-3646

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?

বাফেলোতে বাড়ি কেনা-বেচায়



নতুন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন

রাফি সাফওয়ান

ঝামেলামুক্ত সহযোগিতা দিচ্ছে

সিদ্ধান্ত নেয়ার পূর্বে যোগাযোগ করুন :

267-992-3201

Park Realty

of Western New York

155 Summer St

Buffalo, NY 14222

Marriage Media

পাত্র-পাত্রী

খুজছেন সন্ধান দাতা

আপনি বিয়ে করে আমেরিকাতে স্থায়ী ভাবে বসবাস করতে চান?

সকল ধর্ম, সকল বর্ণের ইমিগ্রান্ট/ননইমিগ্রান্ট, ডাক্তার, ইঞ্জিনিয়ার, শিক্ষক, ফার্মাসিষ্ট, নার্স, ফেডারেল জব, সিটিজব, প্রাইভেট জব, ব্যবসায়ী, ট্যাক্সিড্রাইভার, ছাত্র/ছাত্রী, ডিভোর্স, বিধবা ও (বয়স্ক) পাত্র-পাত্রী।

৫০টি স্টেটের বাঙ্গালি পরিবারের সাথে যোগাযোগ।

সাফল্যতার সাথে অগ্রগতি।

আল্লাহর হুকুম ছাড়া কিছু হয় না আমি উছিলা মাত্র।

খান ভাই

646-637-7590

E-mail: khanma663@gmail.com

মুসলিম কাজী অফিস



নিউইয়র্ক সিটি কর্তৃক রেজিস্ট্রিকৃত

কাজী মাওলানা ওবায়দুল হক

ইমাম ও খতিব পার্কচেষ্টার ইসলামিক সেন্টার

ইসলামী শরীয়ত অনুযায়ী বিবাহ পড়ানো এবং নিউইয়র্ক সিটির ল মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়। সপ্তাহে ৭ দিন খোলা।

পরামর্শের জন্য যোগাযোগ করুন ৩৪৭-৩২০-৭২১৮

13-75 Virginia Avenue, Bronx, New York 10462

মুসলিম কাজী অফিস

Imam & Khatib

Bangla Bazar Jame Masjid

1351 Odell St, Bronx, NY 10462

ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইর্ক সিটি ল অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।



Quazi Moulana Abul Kashem Eahea

Ba (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh

Marriage Registrar New York State

(Muslim Nikah & Marriage Solemnization NYC)

Tel: 347-208-9055

Email:abuleahea@gmail.com

MAHFUZ HASAN

Web Application Developer

I will create high quality web application for you

Do you want to make a dynamic responsive, user friendly and fast web application to attract your clients?

Feel Free to Contact

sdmahfuz@gmail.com

+880 1770 472 939

যে কোন ধরনের ওয়েবসাইড তৈরির জন্য যোগাযোগ করুন



MATRIMONIAL SERVICE

কাজী অফিস (NYC Registered)

GET MARRIED ISLAMIC WAY BY

KAZI MOWLANA MD. ABUL KHAIR

IMAM & KHATUB

MASJID AL-ABRAR CULTURAL CENTER USA INC.

70-50, Broadway (Basement), Jackson Heights, NY 11372.

Phone: 646-732-7125, 929-277-7444

বাড়িতে থেকেই পরিবারের সদস্যদের স্বাস্থ্য সেবা দিন
বছরে আয় করুন সর্বোচ্চ $50,000

Hiring HHA & PCA

আমরা দীর্ঘদিন ধরে বাংলাদেশী কম্যুনিটিকে সেবা দিয়ে আসছি।

প্রশিক্ষণ ক্লাসের জন্য যোগাযোগ করুন

সম্পূর্ণ বিনামূল্যে



HouseCalls HOME CARE
Being home never felt better

718-731-9750

আমাদের অফিসে রয়েছে বাংলাদেশী স্টাফ

আপনাদের সুবিধার্থে চারটি অফিস


Jackson Heights:
72-16 Roosevelt Ave, NY 11372



Bronx:
1878 Cross Bronx Expwy, NY 10472



Jamaica:
90-50 Sutphin Blvd, NY 11435



Brooklyn:
2440 Fulton Street, NY 11233



বাংলাদেশী কম্যুনিটিতে একমাত্র 'লাইসেন্সধারী' হোম কেয়ার এজেন্সি


বাংলা পত্রিকা

প্রান্তিক পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা | The Weekly Bangla Patrika // Monday //October 26 // 2020

নিউইয়র্ক সিটি কাউন্সিলর পদে লড়বেন এটর্নী সোমা



নিউইয়র্ক: সিটির কাউন্সিলর পদে লড়বেন বাংলাদেশী-আমেরিকান এটর্নী সোমা সায়ীদ। আগামী ২০২১ এর সিটি কাউন্সিল নির্বাচনে ডিস্ট্রিক্ট-২৪-এ কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বিতা করার ঘোষণা দিয়েছেন তিনি। অ্যাটর্নি সোমা কুইন্স কাউন্টি ওমেন্স বার অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট, নিউইয়র্ক ষ্টেট বার অ্যাসোসিয়েশনের রেফারেল অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেসের চেয়ারপারসন। তার এ ঘোষণার পর নির্বাচনী প্রচারণা কাজের অংশ হিসেবে ওয়েবসাইট উন্মোচন এবং ফেসবুকও পেইজ তৈরি করেছেন। ইতোমধ্যে তিনি নির্বাচনে অংশ নেওয়ার জন্য রেজিস্ট্রেশন করেছেন। তার নির্বাচন প্রসঙ্গে (বাকি অংশ ৩৭ পাতায়)





মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটি'র কর্মকর্তারা অভিষিক্ত

সাখাওয়াত হোসেন সেলিম: আনন্দঘন ও উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হয়ে গেলো প্রবাসে বাংলাদেশীদের অন্যতম সংগঠন মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটি অব ইউএসএ'র বর্ণিল অভিষেক। গত ১৭ অক্টোবর শনিবার সন্ধ্যায় ব্রঙ্কসের এশিয়ান পার্টি হলে এ অভিষেক অনুষ্ঠিত হয়। সাবেক ও বর্তমান কর্মকর্তাসহ বিপুল সংখ্যক মৌলভীবাজার প্রবাসীর উপস্থিতিতে অনুষ্ঠিত হয় এই অভিষেক। মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটি অব ইউএসএ'র বিদায়ী সভাপতি সোহান আহমেদ টুটুলের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক সৈয়দ মামুনের পরিচালনায় প্রথম পর্বে অনুষ্ঠিত হয় নতুন কমিটির শপথ গ্রহণ।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কুরআন থেকে তেলাওয়াত ও দোয়া মুনাজাত পরিচালনা করেন জাহাঙ্গীর আলম।

সংগঠনের প্রধান নির্বাচন কমিশনার সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ কমিটির নব নির্বাচিত সভাপতি তজমুল হোসেনকে শপথ বাক্য পাঠ করান। এসময় নির্বাচন কমিশনার মিছবা মজিদ উপস্থিত ছিলেন। পরে সভাপতি তজমুল হোসেন নব নির্বাচিত অন্যান্য কর্মকর্তাদের শপথ বাক্য পাঠ করান। এসময় নতুন কমিটিকে বিদায়ী কমিটির কর্মকর্তারা ফুল দিয়ে বরণ করে নেন। হস্তান্তর করেন দায়িত্বভার।

এরপর নয়া সভাপতি তজমুল হোসেনের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মোহাম্মদ জাবেদ উদ্দিনের পরিচালনায় দ্বিতীয় পর্বের অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সংগঠনের প্রধান নির্বাচন কমিশনার ও বাংলাদেশ সোসাইটির সাবেক সহ সাধারণ সম্পাদক সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ। বিশেষ অতিথি ছিলেন সংগঠনের অন্যতম নির্বাচন কমিশনার মিছবা মজিদ।

অনুষ্ঠানে আরো বক্তব্য দেন সদ্য বিদায়ী সভাপতি সোহান আহমেদ টুটুল, বিদায়ী সাধারণ সম্পাদক সৈয়দ মামুন, সহ সভাপতি সৈয়দ রুহুল আলী, সাবেক সহ সাধারণ সম্পাদক শাহিন হাসনাত, সাবেক ক্রীড়া সম্পাদক শাহীন আহমদ, কার্যনির্বাহী সদস্য মোহাম্মদ রিপন মিয়া, মোমিত চৌধুরী তানিম, জাহাঙ্গির আলম প্রমুখ।

শপথ গ্রহণ শেষে নবনির্বাচিত কর্মকর্তারা ঐক্যবদ্ধভাবে সংগঠনকে সামনের এগিয়ে নিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করেন।

অতিথিরা মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটি অব ইউএসএ'র কর্মকর্তাদের প্রশংসা করে বলেন, শান্তিপূর্ণ উপায়ে দায়িত্ব হস্তান্তরের এই প্রক্রিয়া গণতন্ত্র চর্চার উজ্জ্বল উদাহরণ হিসেবে আমাদের মুগ্ধ করেছে। আপনারা ঐক্যবদ্ধভাবে সংগঠনকে এগিয়ে নিয়ে যাবেন এ প্রত্যাশা আমাদের।

বিদায়ী সভাপতি সোহান আহমেদ টুটুল তাদের অর্জিত সাফল্যের সংক্ষিপ্ত বিবরণী তুলে ধরে এ সাফল্যের জন্য বিদায়ী কমিটির প্রতি কৃতজ্ঞতা জানান। বিদায়ী সাধারণ সম্পাদক সৈয়দ মামুনও সাবেক কর্মকর্তাদের অবদানকে শ্রদ্ধার সাথে স্মরণ করেন।

অভিষিক্ত কর্মকর্তারা হলেন: সভাপতি- তজমুল হোসেন, সহ সভাপতি (১ম)- সৈয়দ রুহুল আলী, সহ সভাপতি (২য়)- সৈয়দ আবুল কাসেম, সাধারণ সম্পাদক- মোহাম্মদ জাবেদ উদ্দিন, সহ সাধারণ সম্পাদক- নিখিল দেবনাথ, কোষাধ্যক্ষ- এমদাদ রহমান তরফদার, সাংগঠনিক সম্পাদক- তারেক আহমদ, প্রচার সম্পাদক- সৈয়দ ফাহমি, সমাজকল্যাণ সম্পাদক- হেলাল আহমদ, শিক্ষা সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক- নিজাম উদ্দিন পাভেল, ক্রীড়া সম্পাদক- জাবেদ আহমদ ও মহিলা বিষয়ক সম্পাদিকা- হাদিছা বেগম, কার্যনির্বাহী সদস্য- আমিনুর রহমান, আহমেদ কাওছার, সুরনজিত পাল, মোহাম্মদ রিপন মিয়া, মোমিত চৌধুরী, এম ডি আহমেদ ও জাহাঙ্গীর আলম।

উল্লেখ্য, মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটি অব ইউএসএ'র নতুন কমিটি গঠিত হয় গত ৪ অক্টোবর। এস্টোরিয়ার বৈশাখী রেস্টুরেন্ট প্রাঙ্গণে মনোনয়ন দাখিলের শেষ দিন ৪ অক্টোবর প্রতিটি পদে একজন করে প্রার্থী থাকায় সোসাইটির নির্বাচন কমিশন সবাইকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করেন। নয়া কমিটিতে ১৯ সদস্য বিশিষ্ট কমিটির নতুন সভাপতি তজুমল হোসেন ও সাধারণ সম্পাদক মোহাম্মদ জাবেদ উদ্দিন নির্বাচিত হন।

নির্বাচন কমিশনে দায়িত্ব পালন করেন প্রধান নির্বাচন কমিশনার সিরাজ উদ্দিন আহমদ সোহাগ, নির্বাচন কমিশন সদস্য মিছবা মজিদ, সৈয়দ সিদ্দিকুল হাসান, দারাদ আহমদ, শ্যামল পাল ও রফিকুল বারি শামিম।

শান্তিরক্ষা কার্যক্রমে নারীদের অংশগ্রহণ আরও বাড়ানোর আহ্বান জানালো বাংলাদেশ



নিউইয়র্ক: "শান্তিরক্ষায় নারী নেতৃত্ব বৃদ্ধির জন্য প্রয়োজন শান্তিতে নারীর ভূমিকাকে সামগ্রিক দৃষ্টিকোন থেকে বিবেচনা করা"। গত ২৩ অক্টোবর 'সামনে থেকে নেতৃত্বদান : জাতিসংঘ শান্তিরক্ষায় নারী নেতৃত্ব' শীর্ষক এক ভার্চুয়াল ইভেন্টে বক্তব্য প্রদানকালে একথা বলেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত রাবাব ফাতিমা। নিরাপত্তা পরিষদের ল্যান্ডমার্ক রেজ্যুলেশন-১৩২৫ এর ২০তম বার্ষিকী স্মরণে যৌথভাবে অনুষ্ঠানটির আয়োজন করে জাতিসংঘস্থ বাংলাদেশ, কানাডা ও যুক্তরাজ্য মিশন। উল্লেখ্য ২০০০ সালের ৩১ অক্টোবর নিরাপত্তা পরিষদে প্রথমবারের মতো শান্তি ও নিরাপত্তা রক্ষায় নারীর ভূমিকা শীর্ষক এই রেজুলেশনটি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

শান্তিরক্ষায় নারীর অংশগ্রহণের ক্ষেত্রে বাংলাদেশের অগ্রণী ভূমিকার কথা তুলে ধরেন রাষ্ট্রদূত ফাতিমা। যুদ্ধবিধ্বস্থ দেশগুলোতে বিশেষ করে 'যৌন ও লিঙ্গ-ভিত্তিক সহিংসতা দমন', 'পারস্পরিক আস্থার সম্পর্ক তৈরি' এবং ঐ সকল সমাজের নারীদের দেশগঠনের কাজে উৎসাহিত করার ক্ষেত্রে নারী শান্তিরক্ষীগণের বিভিন্ন গুরুত্বপূর্ণ ভূমিকা ও অবদানের কথা উল্লেখ করেন তিনি। তবে শান্তিরক্ষা কার্যক্রমসহ সামগ্রিক শান্তি প্রক্রিয়ায় এখনও নারীর অংশগ্রহণ খুবই অপ্রতুল মর্মে উল্লেখ করেন বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি। শান্তিরক্ষায় নারীর অংশগ্রহণ বৃদ্ধি করতে জাতিসংঘ ও অন্যান্য সদস্য রাষ্ট্রসমূহের চলমান প্রচেষ্টাকে স্বাগত জানান রাষ্ট্রদূত ফাতিমা। 'শান্তিরক্ষা কার্যক্রমে নারী' শীর্ষক নিরাপত্তা পরিষদের সাম্প্রতিক রেজ্যুলেশন-২৫৩৮ এর উদাহরণ টেনে নারীর ব্যাপক অংশগ্রহণকে উৎসাহিত করার লক্ষ্যে পর্যাপ্ত প্রশিক্ষণ প্রদান, মিশনসমূহে নারীবান্ধব স্থান ও পরিবেশ তৈরি এবং 'নারী, শান্তি ও নিরাপত্তা (ডব্লিউপিএস)' এজেন্ডার বাস্তবায়নের প্রতি আহ্বান জানান বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি। জাতীয় পর্যায়ে ডব্লিউপিএস এজেন্ডা বাস্তবায়নার্থে গতিশীল প্রচেষ্টা গ্রহণ এবং কান্ট্রি অফিসসমূহসহ জাতিসংঘ ব্যবস্থাপনায় আভ্যন্তরীনভাবে এটি কার্যকর করার প্রতিও আহ্বান জানান তিনি।

ইভেন্টটিতে আরও বক্তব্য রাখেন জাতিসংঘের আন্ডার সেক্রেটারি জেনারেল জ্যঁ পিয়েরে ল্যাক্রোস, কানাডার প্রতিরক্ষা প্রধান জেনারেল জোনাথন ভেঞ্চ, যুক্তরাজ্য মিশনের চার্জ দ্য অ্যাফেয়ার্স জোনাথন অ্যালেন। এছাড়া পশ্চিম সাহারা অঞ্চলে নিয়োজিত জাতিসংঘ শান্তিরক্ষা মিশন মিনুরসো এর ডেপুটি ফোর্স কমান্ডার, দক্ষিণ সুদানে নিয়োজিত মিশন ইউনিমিস এর পুলিশ কমিশনার ও সেন্ট্রাল আফ্রিকান রিপাবলিকে নিয়োজিত মিনুসকা মিশন এর রিজিওনাল কমান্ডারসহ মাঠ পর্যায়ের বিভিন্ন নারী নেতৃত্ব বক্তব্য রাখেন ভার্চুয়াল এই অনুষ্ঠানটিতে।

আলোচনা অংশের সমন্বয় ও এর সমাপ্তি টানেন জাতিসংঘ নিরাপত্তা পরিষদের ২০০০ সালে নির্বাচিত সভাপতি, জাতিসংঘের সাবেক আন্ডার সেক্রেটারি জেনারেল ও জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের সাবেক স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত আনওয়ারুল করিম চৌধুরী। আলোচনা পর্বে আরও অংশগ্রহণ করেন জাতিসংঘে নিযুক্ত অস্ট্রেলিয়া, ইন্দোনেশিয়া ও আয়ারল্যান্ড মিশনের রাষ্ট্রদূত ও অন্যান্য প্রতিনিধিগণ।



কূটনীতিক মিশন, সামরিক প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, এনজিও এবং সুশীল সমাজের বিপুল সংখ্যক অংশীজন অনুষ্ঠানটিতে অংশগ্রহণ করেন।

উল্লেখ্য, নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য হিসেবে বাংলাদেশ ২০০০ সালে রেজ্যুলেশন-১৩২৫ গ্রহণের ক্ষেত্রে নেতৃস্থানীয় ভূমিকা রাখে। বাংলাদেশ সরকার ডব্লিউপিএস এজেন্ডা বাস্তবায়নে গত বছর একটি জাতীয় কর্ম পরিকল্পনা গ্রহণ করে। নারী শান্তিরক্ষীসহ বাংলাদেশ সর্বাধিক শান্তিরক্ষী প্রেরণকারী দেশ হিসেবে বর্তমানে জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে অবদান রেখে চলেছে। -প্রেস বিজ্ঞপ্তি।



সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
Safwan Travel & Multi Services Corp.



Mohammed Abdul Khaleque
MLT A.D. (CUNY Bronx Community College)

IATA Accredited Approved Travel Agent

AUTHORIZED e-file PROVIDER

২০ বছরের বেশি ইনকাম ট্যাক্স ফাইলের অভিজ্ঞতা সম্পন্ন

Design, Printing,Flyer, Business Card,Banner, Poster & more!

We Provide
- Individual Tax
- Corporation Tax
- Partnership Tax
- Non-profit Tax
- Gift Tax
- Sale & Payroll Tax
- IRS & State Tax audit Representation
- Immigration
- Accounting
- Bookkeeping
- Business License
- Business Incorporation

লিগ্যাল মাধ্যমে সর্বোচ্চ ট্যাক্স রিটার্নের নিশ্চয়তা এবং বিনামূল্যে পরামর্শ দেওয়া হয়

দেশে যাওয়ার পথে ওমরাহ্ পালনের সুযোগ

এয়ার লাইন্স টিকেট সেল সর্বনিম্ন মূল্যে! ৬৪৯+

নাক্টোর শাড়ী ঘর



Special Eid-Sale
ঈদ উপলক্ষে ৫০% পর্যন্ত ছাড়
শাড়ী, সালোয়ার,কামিজ, বোরকা, পানজাবী, বেড সিট, হেজাব, লুঙ্গী এবং অন্যান কাপড়ের বিশাল সমাহার

এয়ার লাইন্স টিকেট ও নির্ভূল ট্যাক্স ফাইলিং এর জন্য একটি নির্ভরযোগ্য বিশ্বস্ত প্রতিষ্ঠান।
Phone: 347- 621- 4940,718-300-7429
1217 White Plains Road , Bronx , NY 10472



দিরাই এসোসিয়েশন অব ইউএসএ'র বর্ণাঢ্য অভিষেক

বিশেষ প্রতনিধি: উৎসবমুখর পরিবেশে অভিষিক্ত হলেন প্রবাসে বাঙালীদের নতুন সংগঠন দিরাই এসোসিয়েশন অব ইউএসএ'র নতুন কর্তমকর্তারা। গত ১৮ অক্টোবর রোববার সন্ধ্যায় ব্রঙ্কসের বাংলা গার্ডেন পার্টি হলে এ অভিষেক অনুষ্ঠিত হয়। বিপুল সংখ্যক দিরাই প্রবাসীর উপস্থিতিতে অনুষ্ঠিত হয় এই অভিষেক। সংগঠনের ট্রাস্টি বোর্ড সদস্য ও সুনামগঞ্জ জেলা সমিতির উপদেষ্টা ছদরুন নূর কমিটির নব নির্বাচিত সভাপতি মুশাহিদ চৌধুরীকে শপথ বাক্য পাঠ করান। পরে সভাপতি মুশাহিদ চৌধুরী নব নির্বাচিত অন্যান্য কর্মকর্তাদের শপথ বাক্য পাঠ করান।

অনুষ্ঠানে নব নির্বাচিত সভাপতি মুশাহিদ চৌধুরীর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মোতাহার হোসেন রুবেলের পরিচালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন সদ্য ট্রাস্টি বোর্ড সদস্য ছদরুন নূর, তোফায়েল আহমেদ চৌধুরী সহ অন্যান্য কর্মকর্তারা।

অভিষিক্ত কর্মকর্তারা হলেন: সভাপতি- মুশাহিদ চৌধুরী, সহ সভাপতি- চান মিয়া, মো. রেহান মিয়া ও রিটন রায়, সাধারণ সম্পাদক- মোতাহার হোসেন রুবেল, সহ সাধারণ সম্পাদক- আবুল হোসেন, সাংগঠনিক সম্পাদক- আবু সালেহ চৌধুরী, কোষাধ্যক্ষ- মোফাজ্জল সহীদ চৌধুরী, প্রচার সম্পাদক- মা-মুনুর রশিদ, সমাজ সেবা সম্পাদক- মো. কাওছার আহমেদ রিপন, ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক- আল আমিন, সাংস্কৃতিক সম্পাদক- নান্টু রায়, আইন ও আন্তর্জাতিক সম্পাদক- তহুর আহম্দ চৌধুরী, ধর্ম বিষয়ক সম্পাদক- আবদুল গফফার চৌধুরী, কার্যকরী সদস্য যথাক্রমে আবুল হাসেম, নৃপতি রায় নিপু, মজিবুর রহমান চৌধুরী, পলাশ মিয়া, মোহন মিয়া এবং আলী আকবর।

ট্রাস্টি বোর্ড সদস্য: ছদরুন নূর, আবুল কালাম আজাদ, আব্দুল কাহার চৌধুরী, পিয়ার মোহাম্মদ, মো. আবদুল হান্নান, ওয়াকির চৌধুরী, সোলাইমান খান, গোলাম রব্বানী চৌধুরী এবং তোফায়েল আহমেদ চৌধুরী।

নবনির্বাচিত কর্মকর্তারা সংগঠনের পক্ষ থেকে দেশে ও প্রবাসে দিরাইবাসীর কল্যাণে সার্বিক সহযোগিতা প্রদানের অঙ্গীকার ব্যক্ত এবং ঐক্যবদ্ধভাবে সংগঠনকে এগিয়ে নিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত সকলের সহযোগিতা কামনা করেন। উল্লেখ্য, গত ২৫ সেপ্টেম্বর নিউইয়র্কে দিরাই প্রবাসীদের নতুন সংগঠন দিরাই এসোসিয়েশন অব ইউএসএ'র কমিটি গঠিত হয়।

জেনিথ রহমান টাওয়ার হ্যামলেটস'র ডেপুটি স্পিকার নির্বাচিত

বাংলা পত্রিকা ডেস্ক: সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলার মেয়ে যুক্তরাজ্যের লন্ডন শহরের টাওয়ার হ্যামলেটস-এর দ্বিতীয় বারের নির্বাচিত কাউন্সিলর "জেনিথ রহমান" লন্ডন টাওয়ার হ্যামলেটসের ডেপুটি স্পিকার নির্বাচিত হয়েছেন। গত ৩০ সেপ্টেম্বর বুধবার টাউন হলে অনুষ্ঠিত কাউন্সিলের ফুল কাউন্সিল মিটিং ও বার্ষিক সাধারণ সভায় তিনি ডেপুটি স্পীকার নির্বাচিত হন। তিনি লেবার পার্টির সঙ্গে সংযুক্ত ।

জেনিথ রহমান এর জন্ম সিলেট শহরের চৌকিদেখীতে তাহার পিত্রালয়ে। তার গ্রামের বাড়ী জগন্নাথপুর উপজেলার পাটলী ইউনিয়নের বনগাঁও। মরহুম আবুল বাশার আনসারী এবং মরহুমা খায়রুন্নেছা চৌধুরী এর প্রথম সন্তান তিনি। তার বাবা যুক্তরাজ্যে মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক ও বিশিষ্ট ব্যবসায়ী এবং তার মা সিলেট শহরের একটি গার্লস স্কুলের শিক্ষিকা ছিলেন।

BOMBAY
TRAVELS & GRAPHICS INC.

Grand Opening Special Grand Opening Special Grand Opening Special

সব থেকে সস্তায় টিকেট গ্যারান্টি

টার্কিস এয়ারলাইন্সে সেল সাথে ৩টি লাগেজ ফ্রি

Domestic & International





Bahalul Syed (uzzal)
President

স্পেশাল সেল: সাউদিয়া এয়ারলাইন্স

Emirates | ETIHAD | SAUDIA | QATAR | KUWAIT AIRWAYS | TURKISH AIRLINES | SINGAPORE AIRLINES | AmericanAirlines

DESIGN & PRINTING
- BANNER
- FLYER
- MAGAZINE
- POSTER
- CALENDAR
- BUSINESS CARD

PASSPORT PHOTO

168-25A Hillside Avenue, Jamaica NY 11432
Phone: 718-725-1332, Cell: 347-586-7124, Email: bombaytg@gmail.com

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
Direct Lender
□ Low Closing Cost □ Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York
M. Kamal, MLO
CPA

হেলাল উদ্দীন রানার কলাম

এলো মেলো ভাবনা



কি করছো, লাঞ্চ সেরে ফেলেছে নাকি? না এখনও সারা হয়নি মাত্র ১টা বাজে। **আচ্ছা**। তোমার ভোট কাষ্টিং শেষ? আজ যেতে চেয়েও পারলাম না। তবে কাল যাব। (বাকি অংশ ৩০ পাতায়)

বাড়ছে করোনা সংক্রমণ উদ্বিগ্ন অভিভাবকরা

আবারো বন্ধ হতে পারে নিউইয়র্কের স্কুল

বাংলা পত্রিকা রিপোর্ট: স্কুল কেন্দ্রিক করোনা সংক্রমন ক্রমেই বাড়ছে। বাড়ছে (বাকি অংশ ২৪ পাতায়)

সাঈদ তারেক-এর কলাম

একজন ভাল মানুষ চলে গেলেন



ব্যারিষ্টার রফিক-উল হক-কে কাছে থেকে দেখে এসেছি তিরিশ বছরের ওপর। তার আগে জানতাম তার কথা। লোকমুখে নানা গুনের কথাও শুনতাম। কিন্তু '৯০এর পর কিছু মামলা সংক্রান্ত বিষয়ে প্রায়ই যেতে হতো তার কাছে। (বাকি অংশ ২৯ পাতায়)

রিয়েল এস্টেট টিপস

বাড়ী ক্রয়ে ৩০ বছরের মর্টগেজ



এম কামাল: বাড়ি ক্রেতা এবং রিফাইন্যান্সকারীদের জন্য ৩০ বছরের (বাকি অংশ ৯ পাতায়)

ফুটবল লীগ-২০২০

রোববারের ফাইনালে ব্রঙ্কস স্টার ও যুব সংঘ মুখোমুখী

নিউইয়র্ক (ইউএনএ): বাংলাদেশ স্পোর্টস কাউন্সিল অব আমেরিকার ফুটবল লীগ-২০২০ এর ফাইনালে ব্রঙ্কস (বাকি অংশ ৩৮ পাতায়)

কমিউনিটির পরিচিত মুখ টনির মৃত্যুতে সর্বত্রই শোকের ছায়া

ঢাকায় নিজ বাসা থেকে মরদেহ উদ্ধার

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কে বাংলাদেশী কমিউনিটির পরিচিত মুখ, বিশিষ্ট রাজনীতিক, সংগঠক ও ক্রিকেটার তৈয়বুর রহমান টনি আর নেই। ঢাকার জিগাতলার বাসা থেকে পুলিশ শনিবার (২৫ অক্টোবর) তার মরদেহ উদ্ধার করেছে (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজেউন)। তার অকাল ও আকস্মিক মৃত্যুর খবরে কমিউনিটিতে শোকের ছায়া নেমে এসেছে। তার দেশের বাড়ী বাগেরহাট জেলার মোড়েলগঞ্জ উপজেলা। যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের উপ (বাকি অংশ ২৬ পাতায়)



ওজনপার্কের বায়তুন নূর মসজিদে বক্তব্য রাখছেন হাকিম জাফরী

ওজনপার্কের বায়তুন নূর মসজিদে সিনেটর হাকিম জাফরী

রশীদ আহমদ: নিউইয়র্কের ইউএস কংগ্রেসনাল ডিস্ট্রিক্ট-৮ এর সিনেটর হাকিম জাফরী বলেছেন, বাংলাদেশী কমিউনিটিকে আরো এগিয়ে নিতে হলে সম্মিলিত প্রয়াস অব্যাহত রাখতে হবে। সেক্ষত্রে (বাকি অংশ ২৪ পাতায়



অমুসলিমদের সঙ্গে নবীজির সৌজন্য

মুফতি আবদুল্লাহ আল ফুআদ

বিনয় ও নম্রতা মানব চরিত্রের মহৎ গুণ। অনন্য এ গুণের মাধ্যমে খুব সহজেই মানুষের ভালোবাসা অর্জন করা যায়। শত্রুকেও মুহূর্তে কাছে টানা যায় একটুখানি কোমলতার মাধ্যমে। বিনয় ও নম্রতা ছিল প্রিয় নবীর (বাকি অংশ ১৫ পাতায়)

এমডিকে শোকজ, বাংলাদেশ ব্যাংকের কাছে জানতে চেয়েছে ব্যাংকিং বিভাগ

নিউইয়র্কে জনতা এক্সচেঞ্জে জালিয়াতি ফাঁস

বাংলা পত্রিকা রিপোর্ট: একাধিক ঋণ জালিয়াতির ঘটনায় সমালোচিত জনতা ব্যাংকের অনিয়ম দেশের গন্ডি পেরিয়ে ছড়িয়ে পড়ছে বিদেশেও। জালিয়াতির কারণে কার্যক্রম বন্ধ রাখতে বাধ্য হয়েছে জনতা ব্যাংকের সাবসিডিয়ারি প্রতিষ্ঠান জনতা এক্সচেঞ্জ হাউজ। একজন রিসিপসনিস্টকে দায়িত্ব দেওয়া এবং লাখ লাখ ডলারের অনিয়মের বিষয়ে যুক্তরাষ্ট্র কর্তৃপক্ষ নজরে আনলে হাউজটির কার্যক্রম বন্ধ রাখা হয়। বিষয়টি নিয়ে অর্থ (বাকি অংশ ২৬ পাতায়)



আমেরিকান নির্বাচনে রেকর্ড পরিমাণ অর্থ ব্যয় হবে

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে আসন্ন নির্বাচন উপলক্ষে ডেমোক্রেটিক দলের প্রার্থী জো বাইডেনের প্রচার শিবির ইতিমধ্যে ৫৮২ বিলিয়ন ডলার ব্যায় করেছে। গত বছর নির্বাচনী (বাকি অংশ ৯ পাতায়)

সীরাহ কনভেনশন-২০২০ সম্পন্ন

মোহাম্মদ (সা:) বর্তমান ও ভবিষ্যতের একমাত্র অনুকরণীয় আদর্শ

বাংলা পত্রিকা রিপোর্ট: গত ২৫ অক্টোবর রোববার, বেলা ৩টা থেকে রাত ৯টা পর্যন্ত জ্যামাইকার (৮৯-১৪ ১৫০ স্ট্রিট) আমেরিকান মুসলিম সেন্টারে "ইন্টারনেশনাল ইউনাইটেড(বাকি অংশ ২৬ পাতায়)

মীর্জা আব্বাসের নামে নিউইয়র্কে চাঁদাবাজি!

বাংলা পত্রিকা রিপোর্ট: বিএনপি স্থায়ী কমিটির সদস্য, সাবেক মন্ত্রী ও ঢাকার সাবেক মেয়র মীর্জা আব্বাসের নামে ফোনে নিউইয়র্কে চাঁদাবাজির অভিযোগ উঠেছে। তাঁর নাম করে "খালেদা জিয়া রিলিফ ফান্ড"-এ অর্থ প্রদানের জন্য বিভিন্ন জনের কাছে চাঁদা চাওয়া হচ্ছে বলে জানা গেছে। নিউইয়র্কে যাদের (বাকি অংশ ২৯ পাতায়)

জ্যাকসন হাইটসে জমজম গ্রীল রেষ্টুরেন্টের উদ্বোধন

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কে প্রবাসী বাংলাদেশীদের ব্যবসা-বাণিজ্যের কেন্দ্রবিন্দু জ্যাকসন হাইটসের ৭২-২৭ ৩৭ এভিনিউ ঠিকানায় আরো একটি বাংলাদেশী মালিকানাধীন রেষ্টুরেন্ট উদ্বোধন হলো। একাধিক মালিকানায় প্রতিষ্ঠিত জমজম গ্রীল নামের



জ্যাকসন হাইটসে জমজম গ্রীল রেষ্টুরেন্টের উদ্বোধন

রেষ্টুরেন্টটির গ্র্যান্ড ওপেনিং অনুষ্ঠানের আয়োজন করা উপলক্ষ্যে শুক্রবার অপরাহ্নে দোয়া (বাকি অংশ ২৬ পাতায়)

ঘরে বসে দেশে টাকা পাঠান কোন ধরনের ফি ছাড়া
আকর্ষণীয় এক্সচেঞ্জ রেইটে
নিশ্চিন্তে এখনই পৌঁছে যাবে আপনার প্রিয়জনের বিকাশ একাউন্টে
sendwave bKash
SIGN UP TODAY GET $5 CREDIT PROMO CODE: POTRIKA
sendwave Download on the App Store GET IT ON Google Play sendwave
২৪ ঘন্টা দেশে টাকা পাঠান যখন প্রয়োজন তখন

J.K. GAIN MULTISERVICES
A company you can trust ....
• Tax Services
• Life Insurance MassMutual
• Health Insurance
• Auto Insurance
• Home Insurance
• Business Insurance
• TLC Insurance
• DDC. (6 hrs.)
LOW COST GUARANTEE
Authorized e-file Provider
Notary Public
Jaydeb Gain
ছয় ঘন্টার ডিফেন্সিভ ড্রাইভিং কোর্স
10% Insurance Cost Deduction
Up to 4 points Removal
Tel: 347-536-5107
41-15 75th Street, Suite 2
Elmhurst, NY 11373
Email: gain_jaydeb@yahoo.com
www.JKGainMulti.com

সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
IATA Approved Travel Agent
সেল সর্বনিম্ন মূল্যে! নিউইয়র্ক-ঢাকা-নিউইয়র্ক ৬৪৯+ Tax
Tel: 347 - 621- 4940, Cell: 718-300 -7429
1217 White Plains Road,Bronx,NY 10472. E-Mail: Safwantravel@gmail.com

এস্টোরিয়ায় ডিজিটাল ট্রাভেলস
ফোন: 718-721-2012
বিস্তারিত ৭ পৃ ষ্ঠায় দেখু ন

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩০ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE
Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
(বিস্তারিত ৫১ পাতায়)

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিনের অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রের অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ।
গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
Your Trusted Travel Guide...
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
BRITISH AIRWAYS
WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE PARK, NY 11416
FAX: 718-296-8259, EMAIL: GLBL001@YAHOO.COM

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com